বাংলা শিশুসাহিত্য : গ্রন্থপঞ্জী

বাণী বসু-সংকলিত

বাংলা শিশুসাহিত্য : গ্রন্থপঞ্জী

বাংলা শিশুসাহিত্য: গ্রন্থপঞ্জী

সঙ্কলক
বাণী বসু
টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, বাংলা বিভাগ
ন্যাশনাল লাইব্রেরি, কলকাতা

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ
কলকাতা ১৪

BAMLA SISUSAHITYA : GRANTHAPANJI
A bibliography of Bengali books for children and young adults
compiled by BANI BASU (1924)

প্রকাশক
শ্রীবিজয়ানাথ মুখোপাধ্যায়
বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ
৩৩ হুজুরীমল লেন, কলকাতা ১৪

Dewey classification number : 016·0285
Colon classification number : *a*(CE1—CY7)

প্রথম প্রকাশ
১ বৈশাখ ১৩৭২

ভারত সরকারের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকারের সহযোগিতায় প্রদত্ত আর্থিক সাহায্যের জন্য এই পুস্তকের স্থলভ মূল্য সম্ভব হয়েছে।

মূল্য : ৭·০০

মুদ্রক
শ্রীগোপালচন্দ্র রায়
নাভানা প্রিন্টিং ওআর্কস প্রাইভেট লিমিটেড
৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা ১৩

"না জানি কোন নদীর ধারে
না জানি কোন দেশে
কোন ছেলেরে ঘুম পাড়াতে
কে গাহিল গান—
বিষ্টি পড়ে টাপুর টুপুর
নদেয় এল বান।"

—রবীন্দ্রনাথ

উৎসর্গ

বাংলা দেশের গ্রন্থাগার-আন্দোলনের অন্যতম হোতা

স্বর্গত তিনকড়ি দত্তকে

এই গ্রন্থপঞ্জী না দেখাতে পারার দুঃখ

আমার কোনদিনই ঘুচবে না।

স্নেহধন্যা বাণী

কল্যাণীয়া শ্রীমতী বাণী বসু গ্রন্থাগারবিদ্যানুশীলনে আমার বহুদিনের প্রাক্তন ছাত্রী। বহুদিন যাবৎ তিনি আমাদের জাতীয় গ্রন্থাগারের অন্যতম কৃতী সহকারী আগারিক ও বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের অন্যতম উদ্যোগী কর্মী। প্রায় পাঁচ বছর ধরে অক্লান্ত শ্রম ও অদম্য উৎসাহে তিনি বাংলা শিশুসাহিত্যের এই গ্রন্থ-পঞ্জীটি সংকলন করছেন, এ-সংবাদ আমার জানা ছিল। পঞ্জীটি প্রায় প্রকাশোন্মুখ, এমন সময়ে তিনি আমায় অনুরোধ করলেন, তাঁকে এবং তাঁর এই পঞ্জীটিকে বাঙ্গালী পাঠক সাধারণ্যে পরিচয় করিয়ে দেবার জন্য। তাঁর এই অনুরোধে আমি নিজেকে গৌরবান্বিত বোধ করছি। একদা বাণী আমার ছাত্রী ছিলেন; যে-বিদ্যা আমি তাঁকে শিখিয়েছিলাম সে-বিদ্যা আজ ফলপ্রসবিনী হয়েছে। একজন শিক্ষকের জীবনে এর চেয়ে বড় সার্থকতা আর কি থাকতে পারে!

কিন্তু শ্রীমতী বাণীকে বা তাঁর এই গ্রন্থটিকে পরিচয় করিয়ে দেবার প্রয়োজন কিছুমাত্র আছে বলে আমি মনে করি নে। এই গ্রন্থই উভয়ের পরিচয় সোচ্চারে বহন করছে এবং দীর্ঘকাল করবে। বাংলা শিশুসাহিত্যের প্রতি বাণীর অনুরাগ, গ্রন্থাগারবিদ্যায় তাঁর অধিকার, গ্রন্থাগার আন্দোলনের প্রসারে তাঁর উদ্যোগ ও উদ্যম, গ্রন্থপঞ্জীসংকলনে তাঁর জ্ঞান, যত্ন, শ্রম ও নিষ্ঠা, এ-সব কিছুর পরিচয় এই গ্রন্থেই আছে। পঞ্জীটির পরিকল্পনা, সংকলনের নিয়ম-প্রণালী ও চরিত্র-প্রকৃতি সমস্তই তিনি তাঁর প্রস্তাবনায় বলে দিয়েছেন; অধিকন্তু বাংলা শিশুসাহিত্যের একটি সংক্ষিপ্ত রূপরেখাও তিনি এঁকে দিয়েছেন। এই গ্রন্থ ও গ্রন্থ-সংকলকের আর কি কোনো পরিচয়ের প্রয়োজন আছে?

বাংলা শিশুসাহিত্যের যাঁরা অনুরাগী ও বিবেকবান পাঠক, এ-বিষয়ে যাঁরা গবেষক, এ-গ্রন্থ তাঁদের নিঃসন্দেহে কাজে লাগবে। শিশুগ্রন্থাগারের যাঁরা আগারিক তাঁদের তো এই গ্রন্থটিকে নিত্যসঙ্গী করতে হবে। আর, যাঁরা শিশুসাহিত্যের স্রষ্টা তাঁরা এই পঞ্জীটিতে নিজেদের সামগ্রিক পরিচয় জানতে পারবেন; কোথায় কোনদিকে তাঁদের সার্থকতা, তাঁদের ত্রুটিবিচ্যুতি, অভাব ও দুর্বলতা, তা তাঁরা এক নজরেই দেখতে পাবেন। তাঁদের প্রায় এক শতাব্দীর সৃষ্টি একসঙ্গে একটি সমগ্রতায় তুলে ধরতে না পারলে এই দেখা সম্ভব হতো না।

শ্রীমতী বাণীকে প্রকাশ্যে সাধুবাদ জানাবার এই সুযোগ পেয়ে আমি কৃতার্থ বোধ করছি; তাঁকে আমার সস্নেহ অভিনন্দন জানাই।

১ ফেব্রুয়ারী, ১৯৬৫

সূচীপত্র

প্রস্তাবনা

০ জন্মকথা :

০১ "বাংলা শিশুসাহিত্য : গ্রন্থপঞ্জী"-সংকলনের একটি ছোট ইতিহাস আছে। সেটি বলা হয়তো অপ্রাসঙ্গিক হবে না।

০১১ কলকাতার জাতীয় গ্রন্থাগারে শিশু বিভাগ ১৯৬০ খ্রীষ্টাব্দে স্থাপিত হয়। বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ এই শুভ প্রচেষ্টাকে অভিনন্দিত করে তার মুখপত্র 'গ্রন্থাগার'-এর একটি বিশেষ সংখ্যা 'শিশুসংখ্যা' রূপে প্রকাশ করেন। ঐ সংখ্যায় প্রকাশ করার জন্য আমাকে বাংলা শিশুসাহিত্যের একটি নির্বাচিত গ্রন্থপঞ্জী সংকলনের নির্দেশ দেওয়া হয়। কিন্তু স্থানাভাবের জন্য গ্রন্থপঞ্জীটি প্রকাশ করা সম্ভব হয় নি। পরে গ্রন্থপঞ্জীটি, যার আকার নিতান্ত ক্ষুদ্র ছিল, তাকে পূর্ণাঙ্গ রূপ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

০১১১ সংকলনের কাজ কিছুটা এগিয়ে গেছে এমন সময় ভারতীয় গ্রন্থাগার পরিষদের উদ্যোগে কলকাতায় ১৯৬২ খ্রীষ্টাব্দে বিভিন্ন ভারতীয় ভাষার লুপ্তপ্রায় পুঁথি-পত্র এবং দুষ্প্রাপ্য গ্রন্থগুলি পঞ্জীভুক্ত করার জন্য এক আলোচনা-চক্রের ব্যবস্থা হয়। অন্যান্য প্রস্তাবের সঙ্গে ভারতীয় শিশুসাহিত্যের গ্রন্থপঞ্জী সংকলনের প্রয়োজনীয়তা সম্পর্কে এক সর্বসম্মত প্রস্তাব গৃহীত হয়। তখন স্বাভাবিক ভাবেই আমাদের উৎসাহ অনেকটা নিষ্প্রভ হয়ে পড়ে। অল্পদিনের মধ্যেই পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের নির্দেশে আঞ্চলিক ভাষায় লেখা শিশুগ্রন্থের একটি গ্রন্থপঞ্জী প্রস্তুত করার পরিকল্পনা গ্রহণ করেন। কিন্তু বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ বাংলা শিশুসাহিত্যের গ্রন্থপঞ্জী সংকলনে হাত দিয়েছেন এবং সে কাজ অনেকটা এগিয়ে গেছে এ-খবর জেনে গ্রন্থপঞ্জীটির মুদ্রণ-সম্পর্কিত যাবতীয় আর্থিক দায়িত্ব বহন করতে রাজ্যসরকার সম্মত হন। এই হ'ল গ্রন্থপঞ্জীর জন্মকথা।

১ ব্যাপ্তি :

১১ শিশুসাহিত্যের উন্নয়ন, গবেষণা ও পঠন-পাঠনের সহায়ক হিসেবে এই গ্রন্থপঞ্জী পরিকল্পিত হয়েছে। দীর্ঘ দেড়শ' বছরের বাংলা শিশুসাহিত্যের ধারাবাহিক পরিণতি যাতে স্পষ্টরূপে প্রকাশ পায় সেদিকে দৃষ্টি রেখে ১৮১৮ থেকে ১৯৬২ খ্রীষ্টাব্দ পর্যন্ত প্রকাশিত শিশুসাহিত্য গ্রন্থপঞ্জীতে অন্তর্ভুক্ত হয়েছে।

১২ পাঠ্যপুস্তক অন্তর্ভুক্ত না করার নীতি আমরা গ্রহণ করলেও ঐ জাতীয় কিছু পুস্তক গৃহীত হয়েছে। প্রথম দিকে অর্থাৎ ১৮১৮ থেকে ১৮৯১ খ্রীষ্টাব্দ পর্যন্ত শিশু-গ্রন্থের অধিকাংশই বিদ্যালয়ের পাঠ্যতালিকা অনুযায়ী রচিত হ'ত। ফলে এ-যুগের বইগুলি গ্রহণ করার সময় কিছুটা নির্বাচন করতে হয়েছে। পাঠ্যপুস্তক হলেও যে-সব বই সত্যকার

গল্প এবং কাব্যরসমিশ্রিত ছিল এবং যে-সব বই ছোটদের মনে আনন্দের সঞ্চার করত সেগুলি নেওয়া হয়েছে।

১২১ পরবর্তীকালে পাঠ্যপুস্তক ছাত্রদের কাছে বেত্রদণ্ডস্বরূপ হয়ে ওঠার জন্য কোন কোন প্রতিভাবান শিশুদরদী সাহিত্যিক পাঠ্যপুস্তক রচনায় আগ্রহী হন। তাঁদের মধ্যে স্বভাবতই রবীন্দ্রনাথের নাম আগে মনে পড়ে। তাঁর 'পাঠ-সঞ্চয়', 'সহজপাঠ' ইত্যাদি বই পাঠ্যপুস্তকের সীমানা ছাড়িয়ে সাহিত্যপদে উন্নীত। সুতরাং ঐ ধরনের বই আমরা গ্রহণ করেছি।

১৩ কিছু বড়োদের জন্য রচিত বইও আমরা গ্রহণ করেছি। যেমন গুরুসদয় দত্ত রচিত 'ব্রতচারীসখা', সুধেন্দুশেখর দাশগুপ্তর 'জাতীয় পতাকা' ইত্যাদি। প্রকাশভঙ্গি ও রচনাকৌশল বড়োদের জন্য হলেও ছোটদের জন্য ঐসব বিষয়ে কোন বই আজও রচিত হয় নি। অথচ ছোটরাও চেষ্টা করলে ঐ বিষয়গুলি ভালভাবেই বুঝতে পারে।

১৪ বাংলা শিশুসাহিত্যের ধারাবাহিকতা কেবল বইয়ের মধ্যে বিধৃত নয়, একথা চিন্তা করে ছোটদের জন্য প্রকাশিত পত্র-পত্রিকাও পঞ্জীভুক্ত করা হয়েছে। ১৮১৮ হতে ১৯৬২ খ্রীষ্টাব্দ পর্যন্ত প্রকাশিত প্রায় দেড়শত সাময়িক পত্রের সন্ধান আমরা পেয়েছি। এই-সব পত্র-পত্রিকা প্রধানত দুটি ধারায় প্রকাশিত : এক, কেবল শিশু ও কিশোরদের চিত্তবিনোদনের জন্য প্রকাশিত ; দুই, বড়োদের জন্য উদ্দিষ্ট পত্রিকায় ছোটদের বিভাগরূপে প্রকাশিত। দ্বিতীয় পর্যায়ের পত্রিকা গ্রন্থপঞ্জীতে গ্রহণ করা হয় নি, কেবল প্রথম যুগের কয়েকটি পত্র-পত্রিকা বাদে। কেন-না, সে-যুগে ছোটদের জন্য একক পত্রিকা প্রকাশিত হ'ত না। ফলে প্রথম যুগের পত্রিকাগুলির আকৃতি ও প্রকৃতিগত বৈশিষ্ট্য দেখাবার জন্য এই-সব পত্রিকা সংকলনে স্থান পেয়েছে।

২ প্রামাণিকতা :

প্রায় প্রত্যেক গ্রন্থপঞ্জী সম্বন্ধে যে কথা সত্য, এই গ্রন্থপঞ্জী সম্বন্ধেও সেটা সর্বাংশে প্রযোজ্য—অর্থাৎ এই গ্রন্থপঞ্জীর সম্পূর্ণতা আমাদের দাবি নয়। বহু বই দেখার সুযোগ হয় নি, অনেক বইয়ের বিস্তৃত বিবরণ সংগ্রহ করতে না পারায় গ্রহণ করতে পারি নি। কলকাতার এবং আশেপাশের অনেক পুরানো গ্রন্থাগারে সময় এবং সুযোগের অভাবে যেতে পারি নি। এ-কথা সর্বদাই স্বীকার করা উচিত যে, কেবল কলকাতার বিখ্যাত গ্রন্থাগারগুলিতে রক্ষিত বইগুলি দেখলেই কোন গ্রন্থপঞ্জী সংকলনের কাজ সম্পূর্ণ হয় না। আমাদের জেলায় জেলায় বহু খ্যাত এবং অখ্যাত গ্রন্থাগারে এমন অনেক বইয়ের খবর হয়তো পাওয়া যাবে যা তথাকথিত বড়ো গ্রন্থাগারে নেই, বিশেষ করে শিশুসাহিত্যের গ্রন্থপঞ্জী প্রস্তুত করার কাজে কয়েকটি গ্রন্থাগারে সংরক্ষিত গ্রন্থ থেকে মোটেই আশানুরূপ সাহায্য পাওয়া সম্ভব নয়। আমাদের দেশে শিশু-গ্রন্থাগার গড়ে উঠতে আরম্ভ করেছে

মাত্র। ফলে পুরানো দিনের বইগুলির সন্ধান পাবার মত সংগ্রহশালার অভাব যথেষ্ট।

২১ এই গ্রন্থপঞ্জী যতোই অসম্পূর্ণ হোক, এর প্রামাণিকতা আমরা দাবি করতে পারি। এটি সংকলন করতে গিয়ে আমরা যে-সব সহায়ক গ্রন্থ দেখেছি তাদের মধ্যে সর্বাগ্রে নাম করতে হয় বেঙ্গল লাইব্রেরির 'ক্যাটালগ'। ১৮৭২ থেকে ১৯৫৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত এটি আমরা পুঙ্খানুপুঙ্খরূপে দেখেছি। নানাবিধ রেফারেন্স বই যেমন, ক্যালকাটা স্কুল বুক সোসাইটির পুস্তক তালিকা, লং-এর ক্যাটালগ, ব্রিটিশ মিউজিয়ম ক্যাটালগ, ইণ্ডিয়া অফিস লাইব্রেরি ক্যাটালগ, ভারতীয় জাতীয় গ্রন্থপঞ্জী, ন্যাশনাল বিবলিওগ্রাফি অব ইণ্ডিয়ান লিটারেচার (১৯০১-১৯৫৩), খগেন্দ্রনাথ মিত্র রচিত 'শতাব্দীর শিশুসাহিত্য' ইত্যাদি তন্নতন্ন করে দেখেছি। এই-সব ক্যাটালগ বা সহায়ক গ্রন্থগুলি থেকে তথ্য সংগ্রহ করেই অনুসন্ধান শেষ করি নি। কলকাতার এবং আশেপাশের কয়েকটি গ্রন্থাগারেও কাজ করেছি।

২২ যে-সব বই আমরা অন্তর্ভুক্ত করতে পারি নি (পুরো বিবরণ না পাওয়ায় বা আমাদের দৃষ্টি এড়িয়ে যাওয়ায়, যে কোন কারণে হোক না কেন) সেগুলির প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করলে এবং পুরো তথ্য দিয়ে সাহায্য করলে আমরা বাংলাদেশের পাঠকসমাজের কাছে চিরকৃতজ্ঞ থাকব।

৩ বিন্যাস :

৩১ গ্রন্থপঞ্জীটি বর্ণানুক্রমে বিন্যস্ত, অর্থাৎ গ্রন্থকার, বইয়ের নাম, বিষয়, সম্পাদক, অনুবাদক, গ্রন্থমালা ইত্যাদি সকলপ্রকার তথ্য বর্ণানুক্রমে সাজানো আছে। একই শব্দের ক্ষেত্রে প্রথমে বিষয়, পরে গ্রন্থকার ও তার পরে বইয়ের নাম—এই পর্যায়ে সাজানো হয়েছে। গ্রন্থকার-সংলেখ থেকে পৃথক করে দেখানোর জন্য বিষয়-নাম মোটা অক্ষরে মুদ্রিত হয়েছে। যেমন,

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

অমূল্যকৃষ্ণ ঘোষ। বিদ্যাসাগর, ২য় সং। ১৯২৭।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

কথামালা। সংস্কৃতযন্ত্র, ১৮৫৬। ৯৫ পৃ। ০.২৫। (পাঠ্যপুস্তক)

ঈশ্বরের মৃত্যু। দেখুন সুষমা সেন।

৩১১ প্রশ্ন ওঠা স্বাভাবিক যে কেন আমরা বর্ণানুক্রমকে বেছে নিয়েছি এই গ্রন্থপঞ্জীর জন্য। সাধারণভাবে গ্রন্থপঞ্জীর বিন্যাস তিন ধরনের হতে পারে, ১. গ্রন্থের প্রকাশ-কাল অনুযায়ী অর্থাৎ কালানুক্রমিক, ২. গ্রন্থের বিষয় অনুযায়ী এবং ৩. বর্ণানুক্রমিক।

প্রকাশ-কাল অনুযায়ী বিন্যাসের অসুবিধা হল—বহু বইয়ের প্রকাশ-কাল (বিশেষত প্রথম প্রকাশের) বের করা কেবল কঠিন নয়, প্রায় ক্ষেত্রে অসম্ভব। দ্বিতীয়ত, একই বছরে বহু বই প্রকাশিত হয়েছে, সেখানে মাস ও দিন অনুযায়ী সাজালে বই খুঁজে পাওয়া কি একটা কষ্টকর প্রয়াসে দাঁড়ায় না? তার উপরে আর একটি জিনিস, কালানুক্রমিক বিন্যস্ত গ্রন্থপঞ্জীতে পরিশেষে একটি বর্ণানুক্রমিক নির্ঘণ্ট দেওয়া প্রয়োজন। সে-ক্ষেত্রে বইয়ের আকার অনেকটা বেড়ে যায়।

৩১২ বিষয়ানুযায়ী বিন্যস্ত গ্রন্থপঞ্জীর শ্রেষ্ঠত্ব স্বীকার করেও সেটা আমরা গ্রহণ করি নি, কেন-না বর্গীকৃত গ্রন্থপঞ্জী সাধারণের জন্য নয়। বাংলাদেশের গ্রন্থাগার-ব্যবস্থা ও পাঠকসমাজের সঙ্গে আমাদের যেটুকু পরিচয় আছে, তাতে এটা বেশ বুঝেছি যে বর্গীকৃত গ্রন্থপঞ্জী ব্যবহার করার সময় এখনও এদেশে আসে নি। ভারত সরকারের উদ্যোগে প্রকাশিত 'জাতীয় গ্রন্থপঞ্জী'র (ইণ্ডিয়ান ন্যাশনাল বিবলিওগ্রাফি) বাঙ্গালা বিভাগ এবং বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ প্রকাশিত 'নির্বাচিত বাংলা গ্রন্থের তালিকা'—এই দুটি উচ্চমানের বর্গীকৃত গ্রন্থপঞ্জীর সীমিত বিক্রয়সংখ্যা আমাদের সিদ্ধান্তকে সমর্থন করবে।

৩১৩ বর্ণানুক্রমিক বিন্যাস সকলের জন্য। যাঁরই বর্ণজ্ঞান আছে, তিনিই এই গ্রন্থারণ্য থেকে নিজের বই বা লেখক বা বিষয়কে অতি অল্প আয়াসে বের করতে পারবেন। তাই এই বিন্যাসকে আমরা বেছে নিয়েছি। আজ পর্যন্ত বাংলাভাষায় বর্ণানুক্রমিক গ্রন্থপঞ্জী প্রকাশিত হয়েছে কিনা আমাদের জানা নেই, হয়তো 'বাংলা শিশুসাহিত্য : গ্রন্থপঞ্জী' এদিক থেকে পথিকৃৎ হয়ে থাকবে।

৩১৩১ বর্ণানুক্রমিক বিন্যাসের অসুবিধাও আছে, সে সম্বন্ধে আমরা সচেতনও। সম্পর্কিত বিষয়গুলি সংহতি পায় না, নিজ নিজ বর্ণভেদে নানাস্থানে ছড়িয়ে পড়ে। বিভিন্ন দেশের ইতিহাস দেশনাম অনুসারে গ্রন্থপঞ্জীর নানা ভাগে ছড়িয়ে পড়ায়, ইতিহাসের সামগ্রিকতা ব্যাহত হয়। এসবের জন্যে আমরা ইতিহাসকে বিষয় করে নানা দেশভেদে তাকে একই জায়গায় সাজিয়েছি,

ইতিহাস

পৃথিবী
আফ্রিকা
আমেরিকা
অষ্ট্রিয়া
ইংলণ্ড
ভারত
বাঙ্গালা
ইত্যাদি

কেবল তাই নয়, ভারতের ইতিহাসের পর বাঙ্গালাদেশের ইতিহাস, তারও পরে কলিকাতা, খুলনা, যশোহর ইত্যাদির ইতিহাস সাজানো আছে। এতে ইতিহাস-বইয়ের সামগ্রিক রূপ পেতে পাঠকদের অসুবিধা হবে না।

৩১২২ বর্ণানুক্রমিক গ্রন্থপঞ্জীতে কোন একটা বিশেষ বইয়ের বিষয় সহজে জানা যায় না। বিখ্যাত মার্কিন গ্রন্থপঞ্জী 'Cumulative Book Index' এই দোষে দুষ্ট। আমরা বর্তমান গ্রন্থপঞ্জীতে গ্রন্থকার-সংলেখ (যেটি প্রধান সংলেখ)-এর শেষে বন্ধনীর মধ্যে বিষয়ের উল্লেখ করেছি। এতে বইটি কোন বিষয়ের তা জানতে পাঠকদের অসুবিধা হবে না। আবার বিষয়-নামেও বইগুলি পাওয়া যাবে। কেবল সাহিত্যে অর্থাৎ কবিতা, নাটক, গল্প ইত্যাদি, যেখানে বিষয় প্রাধান্য পায় না, সেই-সব ক্ষেত্রে কেবল গ্রন্থকার ও বইয়ের নামে সংলেখ দেওয়া হয়েছে, কোন বিষয়-সংলেখ দেওয়া হয় নি। সম্পর্কিত বিষয়গুলি দেখাবার জন্য বিষয়ের নিচে 'আরও দেখুন' বলে সম্পর্কিত বিষয়গুলির উল্লেখ করা হয়েছে। যেমন,

অর্থশাস্ত্র

আরও দেখুন

ভৌম অর্থনীতি

মুদ্রাব্যবস্থা

৩২ বইয়ের বিস্তৃত তথ্য গ্রন্থকার-সংলেখে নিচের পর্যায়ে পাওয়া যাবে,

গ্রন্থকার

বইয়ের নাম, সংস্করণ। প্রকাশনের স্থান, প্রকাশক, প্রকাশ-কাল। প্রারম্ভিক পৃষ্ঠা, পৃষ্ঠাঙ্ক। চিত্র। মূল্য। (গ্রন্থমালা)। (বিষয়)

টীকা

যেমন,

অতুলচন্দ্র মুখোপাধ্যায়

শাক্যসিংহ, ২য় সং। ঢাকা, অ্যালবার্ট লাইব্রেরি, ১৯২১। ৮/০, ১১৭ পৃ। চিত্র। ১·২৫। (জীবনী)

পূর্ববর্তী সং ১৯১৩ খ্রী।

দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়

এই দুনিয়ার চিড়িয়াখানা, ২য় সং। বেঙ্গল পাবলিশার্স, ১৯৫৭। ৬৯ পৃ। চিত্র। ১·২৫। (দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় এবং দেবীদাস মজুমদার সম্পাদিত বিজ্ঞান-বিচিত্রা, ৩)। (জীববিদ্যা)

৩২১ একই নামের গ্রন্থকারক্ষেত্রে সম্ভব হলে তাঁদের জন্ম ও মৃত্যু -সাল দিয়ে পৃথক করা হয়েছে। প্রথম সংস্করণক্ষেত্রে সংস্করণের উল্লেখ করা হয় নি। পুনর্মুদ্রণ হলে সেটি উল্লিখিত হয়েছে। বাংলা বইয়ের শতকরা নব্বই ভাগেরও বেশি বই কলকাতা থেকে প্রকাশিত হয়। এ কারণে কলকাতা ছাড়া অন্য জায়গা থেকে প্রকাশিত বইয়ের ক্ষেত্রে আমরা প্রকাশনের স্থান দিয়েছি, কলকাতা উল্লিখিত হয় নি। ব্যক্তিগত প্রকাশকের পুরো ঠিকানা, যতদূর সম্ভব, দেওয়া হয়েছে। কোন প্রকাশক-তালিকা গ্রন্থপঞ্জীর শেষে দেওয়া হয় নি, কেন-না এ ধরনের গ্রন্থপঞ্জীতে এমন বহু পুরানো প্রকাশকের বই অন্তর্ভুক্ত হয়েছে, যারা আজ বিলুপ্ত ও বিস্মৃত। পূর্ববঙ্গের (অধুনা পূর্বপাকিস্তান) প্রকাশক সম্বন্ধে এ-কথা বিশেষভাবে প্রযোজ্য। প্রকাশকাল হিসাবে আমরা খ্রীষ্টাব্দকে মেনে নিয়েছি। পুরানো বইয়ের মূল্যকে দশমিক মুদ্রায় রূপান্তরিত করার জন্য আপত্তি উঠা স্বাভাবিক। কিন্তু একটি রূপ আমাদের নিতে হবে, হয় তা পুরানো টাকা-আনা-পয়সার, বা আধুনিক দশমিক মুদ্রার। আমরা পরেরটিকে নিয়েছি।

৩৩ গ্রন্থাগার বিজ্ঞানের ধরাবাঁধা পথে আমরা যে সর্বদাই চলেছি, এ-কথা বলা চলে না। কিছু কিছু জায়গায় আমরা নিয়মবহির্ভূত কাজ করেছি। বিষয়-সংলেখের অনেক ক্ষেত্রে বিষয়নামই মুখ্য হয়, সেখানে দেশনামের স্থান গৌণ। কিন্তু আমরা প্রতিটি বিষয়ক্ষেত্রে (যেখানে দেশ অনুযায়ী ভাগ আছে) দুটি করে সংলেখ দিয়েছি, একটি বিষয়নামে, অপরটি দেশনামে। কেন এটা করলাম ? একটি দেশের সামগ্রিক রূপ পেতে এ ব্যবস্থা পাঠকদের সাহায্য করবে। যেমন 'ভারত' দেশ-সম্পর্কিত বহু বিষয়, অর্থনীতি, ইতিহাস, উপকথা, নৃতত্ত্ব, পক্ষী, পররাষ্ট্রনীতি, ভূগোল, ভৌম অর্থনীতি, ভ্রমণ, মুদ্রাব্যবস্থা, রাজনৈতিক দল, রাষ্ট্রবিজ্ঞান, সভ্যতা, সমবায় ইত্যাদি একস্থানে পাওয়া যাবে। আবার অর্থনীতি—ভারত, ইতিহাস—ভারত ইত্যাদি বিষয়-সংলেখও দেওয়া হয়েছে।

৩৪ পৃথিবীর বিভিন্ন ভাষা থেকে বাংলাভাষায় রূপান্তরিত বহু বই আমরা পেয়েছি। যে-সব ক্ষেত্রে আক্ষরিক অনুবাদ হয়েছে সেখানে লেখক-সংলেখটি মূল লেখকের নামে দেওয়া হয়েছে। যেখানে মূল গল্পের কেবল কাঠামোটুকু নেওয়া হয়েছে সেখানে বাংলা ভাষায় যিনি রূপান্তর করেছেন তাঁর নামে বইটি অন্তর্ভুক্ত হয়েছে। মূল লেখক ও গ্রন্থের নাম আবশ্যকবোধে টীকায় দেওয়া হয়েছে।

৩৫ সাধারণভাবে গ্রন্থপঞ্জীকে পুস্তকতালিকা হিসেবে ধরা হয় বলে গ্রন্থপঞ্জীতে ছবি দেওয়ার প্রয়োজন থাকে না। কিন্তু বর্তমান গ্রন্থপঞ্জীর পটভূমিকায় বাংলা শিশুসাহিত্যের ইতিহাস বিধৃত। সেই ঐতিহাসিকতার প্রচ্ছদ উন্মোচনের সহায়ক হিসেবে বিভিন্ন সময়ের বিভিন্ন লেখকের ছবি, তাঁদের আঁকা ছবি, হাতের লেখা, এবং যে-সকল পত্র-পত্রিকা এই ইতিহাসসৃষ্টিতে প্রত্যক্ষ প্রভাব বিস্তার করেছে তাদের ছবি দেওয়া, মনে হয়, অপ্রাসংগিক হয় নি। তা ছাড়া, যে-সকল খ্যাতনামা সাহিত্যিকদের সাহিত্যকৃতির সঙ্গে আমাদের

দীর্ঘকালের সুপরিচিতি, তাঁদের চিত্র ও হস্তলিপি আমাদের সঙ্গে তাঁদের ব্যক্তিত্বের প্রত্যক্ষ সংযোগ ঘটাতে সাহায্য করবে।

৩৬ তালিকাভুক্ত বইগুলি কোন স্তরের পাঠকদের উপযোগী, এটা নির্ধারণে গ্রন্থপঞ্জীর বিশিষ্টতা নির্ভর করে। এই গ্রন্থপঞ্জীতে অন্তর্ভুক্ত বইগুলিকে পাঠকদের বিভিন্ন বয়স এবং স্তর অনুযায়ী বিন্যস্ত করতে সক্ষম হলে আমরা খুবই খুশি হতাম। পাশ্চাত্যদেশে প্রকাশিত বিভিন্ন শিশু-গ্রন্থপঞ্জী পুস্তকের স্তরবিন্যাসে আদর্শ স্থাপন করেছে। কিন্তু আমাদের পক্ষে এ-বিষয়ে কিছু করা নানা কারণে সম্ভব হয় নি। প্রথমত, গ্রন্থপঞ্জীটির পরিক্রমা ১৮১৮ সাল থেকে আরম্ভ হয়েছে। দুষ্প্রাপ্য, অধুনালুপ্ত বহু বই আমরা অন্তর্ভুক্ত করলেও প্রত্যক্ষভাবে অনেক বই আমরা দেখি নি বা দেখতে পারি নি। সুতরাং না দেখা বই কাদের উপযোগী হবে এ-বিষয়ে কিছু বলা কেবল অসম্ভব নয়, অন্যায়ও। দ্বিতীয়ত, আমাদের দেশে শিশুগ্রন্থ রচনায় বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন করা হয় না। হয়তো কয়েকটি মাত্র বইয়ে মনোবৈজ্ঞানিক পদ্ধতি অনুসৃত হয়েছে। শিশুর বয়স হিসেবে চুলচেরা বিচার করে গ্রন্থরচনা এখনও আমাদের দেশে যথাযথ-ভাবে আরম্ভ হয় নি। সুতরাং যেখানে শিক্ষাবিদ, মনোবৈজ্ঞানিক এবং লেখকগণ এখনও কাজ শুরু করেন নি, সে-ক্ষেত্রে গ্রন্থাগারিকের পক্ষে শিশুগ্রন্থগুলি পাঠকের বয়স এবং স্তর অনুযায়ী বিন্যাস করার চেষ্টা বাতুলতারই নামান্তর।

৪ কৃতজ্ঞতা স্বীকার :

একক প্রচেষ্টায় এ-ধরনের গ্রন্থপঞ্জী সংকলন করা কেবল দুরূহ নয় অসম্ভব। বহু ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাহায্য না পেলে সংকলনকার্য পূর্ণাঙ্গ হ'ত না। সকলের নাম উল্লেখ করে কৃতজ্ঞতা জানানো আমাদের পক্ষে সম্ভব নয়, তবে পরিচিত অপরিচিত বহু ব্যক্তির কাছে আমাদের ঋণ অপরিশোধ্য হয়ে রইল। যাঁদের নাম উল্লেখ না করা খুবই গর্হিত কাজ হবে, তাঁরা হলেন :

অমল হোম : রবীন্দ্রনাথের চিত্রটি মুদ্রণের অনুমতি দেওয়ার জন্য।
ক্ষিতীন্দ্রনারায়ণ ভট্টাচার্য : 'কিশোর' পত্রিকাটির জন্য।
ক্ষিতীশচন্দ্র প্রামাণিক : পাণ্ডুলিপি বিন্যাসে সাহায্য করার জন্য।
খালেদ চৌধুরী : প্রচ্ছদপটের জন্য।
চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় : গ্রন্থপঞ্জীর বিভিন্ন অবস্থায় সুচিন্তিত উপদেশদানের জন্য।
নীহারকান্তি চট্টোপাধ্যায় : পাণ্ডুলিপি বিন্যাসে সাহায্য করার জন্য।
নীহাররঞ্জন রায় : গুরুর আশীর্বাদ নিয়ে গ্রন্থপঞ্জী প্রকাশ করতে পারায় নিজেকে কৃতার্থ বোধ করছি।
পার্থসুবীর গুহ : পাণ্ডুলিপি বিন্যাসে সাহায্য করার জন্য।

বিমল ঘোষ (মৌমাছি) : ব্যক্তিগত সংগ্রহ থেকে বহু দুষ্প্রাপ্য গ্রন্থ ও মূল্যবান উপদেশের জন্য।

বিরাম মুখোপাধ্যায় : মুদ্রণ ও অন্যান্য অনেক বিষয়ে প্রাজ্ঞোচিত পরামর্শ দিয়েছেন।

বিশ্বনাথ মুখোপাধ্যায় : বহু দুষ্প্রাপ্য গ্রন্থ দেখতে দেওয়ার জন্য।

মানস চৌধুরী : পাণ্ডুলিপি, পুরানো সাময়িক পত্র ও চিত্রের ফোটো দক্ষতার সঙ্গে তুলে দেওয়ার জন্য।

মানসকুমার বন্দ্যোপাধ্যায় : জটিল গ্রন্থটির মুদ্রণকার্য পরিদর্শনের জন্য।

শক্তিপ্রসাদ নিয়োগী : গ্রন্থপঞ্জীটির প্রকাশন-সম্পর্কিত সকল উদ্বেগ যিনি সরকারী আর্থিক সাহায্য দিয়ে দূর করেছেন।

শোভনলাল গঙ্গোপাধ্যায় : অবনীন্দ্রনাথের 'রাজকাহিনী' পাণ্ডুলিপির একটি পৃষ্ঠার ছবি এবং 'শকুন্তলা' গ্রন্থের ছবির জন্য।

সত্যজিৎ রায় : রায়চৌধুরী পরিবারের সবক'টি ছবি এবং উপেন্দ্রকিশোর ও সুকুমার রায়ের আঁকা ছবি ও পাণ্ডুলিপির জন্য।

সুধীন্দ্রনাথ সরকার : যোগীন্দ্রনাথ সরকারের ছবিটির জন্য।

সুনীলবিহারী ঘোষ : বিষয় শিরোনাম, বিন্যাস, সম্পাদনা এবং গ্রন্থপ্রকাশনে সবরকম সাহায্য করেছেন।

সুভাষচন্দ্র দাস : জাতীয় গ্রন্থাগারের গ্রন্থারণ্য থেকে যিনি অক্লান্তভাবে সানন্দচিত্তে গ্রন্থ সন্ধান করে দিয়েছেন।

যে-সব সংস্থার কাছে সহায়তা পেয়েছি তাঁরা হলেন :

আনন্দবাজার পত্রিকা : 'আনন্দমেলা'র ছবিটি দিয়েছেন।

উত্তরপাড়া পাবলিক লাইব্রেরি : ঠাকুরদাদার হস্তিবিষয়ক ইতিহাস—হস্তির মনোরঞ্জন ইতিহাস, দিগ্দর্শন এবং পশ্বাবলীর ছবি ও বহু দুষ্প্রাপ্য গ্রন্থ দেখার সুযোগ দিয়েছেন।

চৈতন্য লাইব্রেরি : দুষ্প্রাপ্য গ্রন্থ দেখতে দেওয়ার জন্য।

জাতীয় গ্রন্থাগার : অতীত এবং বর্তমান যুগের বহু গ্রন্থের সন্ধান দেওয়ার জন্য।

তালতলা পাবলিক লাইব্রেরি : দুষ্প্রাপ্য গ্রন্থের জন্য।

পশ্চিমবঙ্গ সরকার : মুদ্রণকার্যের আংশিক ব্যয় বহন করেছেন।

বঙ্গীয় সাহিত্য পরিষৎ : দক্ষিণারঞ্জন মিত্রমজুমদারের ছবি, নীতিকথা গ্রন্থ এবং বালক, বালক-বন্ধু, মুকুল, শিশু, সখা এবং সন্দেশ পত্রিকার ছবিগুলি ও দুষ্প্রাপ্য পত্র-পত্রিকার জন্য।

বাগবাজার রিডিং লাইব্রেরি : শিশুবিভাগ ব্যবহারের অনুমতি দিয়েছেন।

বিশ্বভারতী—গ্রন্থন বিভাগ : রবীন্দ্রনাথের আঁকা ছবির জন্য।
বিশ্বভারতী—রবীন্দ্রসদন : 'বীরপুরুষ' কবিতার পাণ্ডুলিপির অংশবিশেষের ছবির জন্য।
ভারত সরকার : মুদ্রণকার্যের আংশিক ব্যয় বহন করেছেন।
রামকৃষ্ণ মিশন ইনষ্টিটিউট অব কালচার : শিশুগ্রন্থাগার ব্যবহার করার অনুমতি দিয়েছেন।
রেজিষ্ট্রার অব পাবলিকেশন : ১৮৭২-১৯০০ সাল পর্যন্ত বেঙ্গল লাইব্রেরি ক্যাটালগ দেখতে দেওয়ার জন্য।

সর্বশেষে, যাঁদের কথা চিন্তা করে সুদীর্ঘ পাঁচ বছরের নিরলস পরিশ্রমের ফলশ্রুতিস্বরূপ এই গ্রন্থপঞ্জী প্রকাশ করলাম, তাঁদের দৈনন্দিন কাজেকর্মে এই বই ব্যবহৃত হলে আমার সকল প্রচেষ্টা সার্থক হবে, সেটাই আমার সবচেয়ে বড়ো পুরস্কার।

আ পরিতোষাদ্বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্॥

৩এ ফরডাইস লেন
কলকাতা ১৪।
নববর্ষ ১৩৭২॥

বাণী বসু

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
[১৮২০-১৮৯০]

উপেন্দ্রকিশোর রায়চৌধুরী
[১৮৬৩-১৯১৫]

অবনীন্দ্রনাথ ঠাকুর
[১৮৭১-১৯৫১]

স্বর্ণকুমারী দেবী
[১৮৫৫-১৯৩২]

BUREAU OF EDNL. & PSYL. RESEARCH. LIBRARY

সুকুমার রায়
[১৮৮৭-১৯২৩]

কুলদারঞ্জন রায়
[১৮৭০-১৯৪৮]

যোগীন্দ্রনাথ সরকার
[১৮৬৬-১৯৩৭]

দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
[১৮৭৭-১৯৫৭]

যোগেন্দ্রনাথ গুপ্ত
[১৮৮২-১৯৬৪]

বাংলা শিশুসাহিত্যের রূপরেখা

১৮১৮ থেকে ১৯৬২ খ্রীষ্টাব্দ পর্যন্ত প্রায় দেড়শ' বছরের বাংলা শিশুসাহিত্যের গ্রন্থপঞ্জী সংকলনকালে শিশুসাহিত্যের বিষয়বস্তু এবং আঙ্গিকের যে বিবর্তনগুলি আমরা লক্ষ্য করেছি সে-সম্পর্কে কিছু বলা হয়তো অপ্রাসংগিক হবে না। পৃথিবীর সব দেশের মতই বাংলা শিশুসাহিত্যের উৎস দুটি ধারায় প্রবাহিত : এক, লোকসাহিত্যের অন্তর্গত রূপকথা ও ছড়া এবং দুই, উনবিংশ শতাব্দীর দ্বিতীয় দশকে রচিত বিদ্যালয়ের পাঠ্যপুস্তক। পৃথিবীর শিশুসাহিত্যের প্রথম আবির্ভাব যে-সব রূপকথা ও ছড়ায় সেগুলি জ্যোৎস্না রাতের সবুজ বন দেশের মত, যে জগতের রূপ প্রত্যেক শিশু কানে শোনে আর নিজের কল্পনার মঞ্জুষা পূর্ণ করে, বড় হয়ে সঁপে দেয় উত্তরপুরুষের হাতে। বিনা অক্ষরে বিনা পুঁথিতে এই সাহিত্য মানুষের মানসলোকে প্রবাহিত হয়ে এসেছে। শিক্ষা-সংস্কৃতি প্রসারের সঙ্গে সঙ্গে মানুষের অনুসন্ধানী মন বিশ্বের এই বিপুল সাহিত্যসম্ভারের আবির্ভাবকাল সন্ধান করতে উদগ্রীব হয়েছে। মুখাশ্রিত এই বিপুল সাহিত্যের উৎস সন্ধান আজও সম্ভব হয় নি। তবে পাঠ্যপুস্তক যে আধুনিক শিশুসাহিত্যের অগ্রদূত এ-কথা সকল সাহিত্যের ঐতিহাসিকরা মেনে নিয়েছেন। বাংলা শিশুসাহিত্য এর ব্যতিক্রম নয়।

ইউরোপীয় যান্ত্রিক সভ্যতার সংস্পর্শে এসে বাঙ্গালীর জাতীয় জীবনের বিভিন্ন দিকে নানা পরিবর্তন দেখা দেয় এবং সেই পরিবর্তনের অনুসরণেই আধুনিক শিশুসাহিত্যের প্রাথমিক রূপ—পাঠ্যপুস্তক—সৃষ্টি হয়।

প্রথম পর্যায় : স্কুল বুক সোসাইটি ॥

১৮১৭ খ্রীষ্টাব্দে কলিকাতা স্কুল বুক সোসাইটি প্রতিষ্ঠিত হল। কলকাতায় ও তার আশেপাশে ইংরেজী বিদ্যালয় প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে সোসাইটি পাঠ্যপুস্তক রচনার কাজে অগ্রসর হন। আধুনিক বাংলা শিশুসাহিত্যের জন্ম সেই বইগুলি থেকেই। প্রথম বছরে কলিকাতা স্কুল বুক সোসাইটি যে-বইটি প্রকাশ করেন, সেটি হচ্ছে রাধাকান্ত দেব, তারিণীচরণ মিত্র এবং রামকমল সেনের যৌথ প্রচেষ্টায় রচিত 'নীতিকথা' (১৮১৮)। আঠারোটি গল্পে সমৃদ্ধ এই নীতিমূলক পাঠ্যপুস্তকটিকে আমরা বাংলা ভাষায় রচিত প্রথম শিশুগ্রন্থ বলতে পারি। এর পূর্বে প্রকাশিত অন্য কোন শিশুগ্রন্থের সন্ধান আমরা পাই নি। সোসাইটি-প্রকাশিত প্রায় সবক'টি বই ছিল বিদ্যালয়পাঠ্য। পাঠ্যপুস্তককে যতদূর সম্ভব সুখপাঠ্য ও মনোরঞ্জক করার চেষ্টা সে-যুগের লেখকরা করেছেন। কিন্তু প্রকাশভঙ্গিমায় মাধুর্য থাকলেও বিষয়-বস্তুর দিক থেকে বইগুলি ছিল বৈচিত্র্যহীন এবং ভাবীকালের রূপাভাসবর্জিত। কেন-না মূল উপজীব্য বিষয় ছিল নীতিকথা—যা ছাত্রদের চরিত্রগঠনে সহায়তা করবে।

ছাত্রদের উপহার বা পুরস্কারযোগ্য বইগুলি পাঠ্যপুস্তকের গণ্ডি অতিক্রম করে আনন্দলোকের সীমানায় পৌছেছিল। এদের মধ্যে সর্বাগ্রে উল্লেখযোগ্য 'পশ্বাবলি'। বাংলা শিশুসাহিত্যের ইতিহাসে 'পশ্বাবলি'কে সাময়িকপত্র হিসেবে বিবেচনা করা হয়। কিন্তু এর আকার ও প্রকারের জন্য একে গ্রন্থ হিসেবে গ্রহণ করাই যুক্তিসঙ্গত। আমাদের মনে হয়, 'শিশুভারতী'র ন্যায় বিভিন্ন খণ্ডে 'পশ্বাবলি' প্রকাশিত হয়েছিল। 'পশ্বাবলি'র আর একটি লক্ষণীয় বৈশিষ্ট্য হল এটি বাংলা ভাষায় প্রথম সচিত্র শিশুগ্রন্থ। এর পরে এই ধরনের আরও দুটি বই আমরা পেয়েছি, 'উষ্ট্রের মনোরঞ্জন ইতিহাস' এবং 'ঠাকুরদাদার হস্তিবিষয়ক ইতিহাস—হস্তির মনোরঞ্জন ইতিহাস'। এই বই দুটি সোসাইটি দ্বারা ১৮৫১ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। বাংলা শিশুসাহিত্যের ইতিহাসে এই বইগুলির স্থান বিশেষ গুরুত্বপূর্ণ। বিংশ শতাব্দীর ষষ্ঠ দশকে বাঙ্গালী শিশুসাহিত্যিকরা তাঁদের রচনাকে আকর্ষণীয় করে তোলবার জন্য ছড়া ও ছবির মাধ্যমে জীবজন্তুর গল্পকথা শোনান। আজ থেকে প্রায় দেড়শ' বছর আগেই এই বিষয়ে প্রথম হাতেখড়ি। এ ধরনের বই প্রকাশ করে স্কুল বুক সোসাইটি প্রমাণ করে দিয়েছেন যে, আনন্দের সঙ্গে পাঠস্পৃহা জাগিয়ে তোলার দিকেই তাঁদের দৃষ্টি ছিল।

দেশী এবং বিদেশী সাহিত্যের গল্পরস অনুবাদের সাহায্যে পরিবেশন করার চেষ্টাও হয়েছে এই যুগে এবং সেগুলি সাধারণতঃ ব্যক্তিগত প্রচেষ্টায় প্রকাশিত। যেমন, সিয়ার উডে-এর ইংরেজী ভাষায় রচিত 'লিটল হেনরী' গ্রন্থের অনুবাদ। মিশনারী উদ্দেশ্য থাকলেও এই বইটিতে সে-যুগের শিশুরা গল্পের স্বাদ পেয়েছিল সন্দেহ নেই। তবে ভাষার সাবলীলতা এবং প্রকাশভঙ্গির স্বচ্ছতা সে-যুগের শিশুসাহিত্যে ছিল না।

দ্বিতীয় পর্যায় : বিদ্যাসাগর ॥

বাংলা শিশুসাহিত্যের দ্বিতীয় যুগ—বিদ্যাসাগর যুগ। পাঠ্যপুস্তক ভিন্ন বিদ্যাসাগরং রচিত অন্য সাহিত্যগ্রন্থগুলি সে-যুগের ছোটরা আনন্দের সঙ্গে পাঠ করেছে, যদিও সেগুলি মূলত বড়োদের জন্য লেখা। বিদ্যাসাগর বাংলা শিশুসাহিত্যকে অশ্লীলতার হাত থেকে মুক্ত করে এবং বাংলার নিজস্ব ভঙ্গিতে প্রকাশ করে এক নতুন যুগের সৃষ্টি করেছেন। এ-যুগের সাহিত্যও বিদ্যালয়ের দিকে দৃষ্টি রেখে রচিত হওয়ার ফলে অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর পটভূমিকায় নীতিপ্রচার প্রখরভাবে দেখা দিয়েছে। উনবিংশ শতাব্দীর ষষ্ঠ দশক পর্যন্ত যে বই পাওয়া যায় তার বেশিভাগই সংস্কৃত সাহিত্যের অনুবাদ বা ভাবানুবাদ এবং গদ্যপ্রধান। এ-যুগেই আমরা প্রথম কাব্যরসাপ্লুত কবিতার সন্ধান পেলাম মধুসূদন দত্তের কবিতাগুলিতে।

বাংলা শিশুসাহিত্যে মহিলার দান কম নয়। এঁদের পথিকৃৎ হলেন মহর্ষি দেবেন্দ্রনাথের কন্যা স্বর্ণকুমারী দেবী। যদিও স্বর্ণকুমারী দেবী যুগপ্রভাবমুক্ত ছিলেন না, যদিও তাঁর গ্রন্থ পাঠ্যপুস্তকের সীমা অতিক্রম করে নি, তবু তাঁর 'গল্প-স্বল্প' (১৮৯২) ভাষার

স্বচ্ছতায় এবং বিষয়নির্বাচনে বৈশিষ্ট্যমণ্ডিত। তিনি শিশু-সাহিত্যক্ষেত্রে ঘরোয়া হাওয়া বইয়ে দিয়েছিলেন।

বিদ্যাসাগরযুগের অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে বিষয়বৈচিত্র্য। পাঠ্যপুস্তকরূপে ইতিহাস, বিজ্ঞান এবং জীবনীসাহিত্য ধীরে ধীরে দেখা দিতে থাকে। অক্ষয়কুমার দত্তের 'চারুপাঠ'-এ বহু নূতন বিষয়ের সমাবেশ ঘটে। অনুবাদ বা ভাবানুবাদের সাহায্যে বিদেশী মণিমাণিক্যে বাংলা শিশুসাহিত্যের ভাণ্ডার পূর্ণ করার যে চেষ্টা আজও পর্যন্ত বিশেষরূপে বলবৎ তারও সূত্রপাত এখান থেকেই। মধুসূদন মুখোপাধ্যায় কয়েকটি বিদেশী রূপকথা অনুবাদ করে এই পথ দেখালেন। বিদ্যাসাগরযুগ বিষয়বস্তু নির্বাচনে এবং ভাষার মণ্ডনশিল্পে পূর্ববর্তী যুগ হতে অনেকটা অগ্রগতির পরিচয় দিলেও ছাপা এবং ছবির দিক থেকে খুব বেশি উৎকর্ষের পরিচয় দেয় না।

•

তৃতীয় পর্যায় : রবীন্দ্রনাথ

এবার এল শিশুসাহিত্যের স্বর্ণকাল। এখান থেকেই বাংলা শিশুসাহিত্যের রূপ প্রায় আমূল পরিবর্তিত হয়ে আধুনিক অবস্থায় এসে দাঁড়িয়েছে। শিশুসাহিত্য বিদ্যালয়ের শৃঙ্খল ভেঙ্গে পরিপূর্ণ মুক্তির স্বাদ পেয়ে সহস্রদল পদ্মের মত বিকশিত হয়ে উঠল। এই নতুন যুগের অধিনায়ক স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর। শিশুসাহিত্য ক্রমশ দুটি ভাগে বিভক্ত হয়ে পড়ল : একটি, পাঠ্যপুস্তকরূপে, অপরটি, পাঠ্যতালিকার বাইরে পাঠস্পৃহা জাগিয়ে তোলার সহায়ক হিসাবে আনন্দসর্বস্ব সাহিত্যরূপে। আধুনিক শিশুসাহিত্যের প্রায় সবগুলি বৈশিষ্ট্যই এ-যুগের সাহিত্যে পাওয়া যায়। এ-যুগের আরম্ভ যোগীন্দ্রনাথ সরকারকে দিয়ে। ১৮৯১ খ্রীষ্টাব্দে তাঁর প্রথম বই 'হাসি ও খেলা' প্রকাশিত হলে রবীন্দ্রনাথ বলেছিলেন— 'বাঙ্গালা ভাষায় এরূপ গ্রন্থের বিশেষ অভাব ছিল। ছেলেদের জন্য যে-সকল বই আছে তা স্কুলে পড়িবার বই, তাহাতে স্নেহের বা সৌন্দর্যের লেশমাত্র নেই, তাহাতে যে পরিমাণে উৎপীড়ন হয় সে পরিমাণ উপকার হয় না।' যোগীন্দ্রনাথ সরকার ছোটদের জন্য গল্প, কবিতা, ছড়া, জীবজন্তর কাহিনী ইত্যাদি নানা বিষয়ে বই লিখেছেন। আবার বাংলার অফুরন্ত লোকসাহিত্যের ভাণ্ডার থেকে চয়ন করেছেন 'খুকুমণির ছড়া'। এর আগে সাময়িক-পত্রে কখন কখনও দু'চারটি ছড়া পাওয়া গেলেও প্রাচীন ছড়ার কোন সংকলন প্রকাশিত হয় নি। রামায়ণ, মহাভারত অবলম্বন করে শিশুদের উপযোগী বইও এই সময়ে প্রথম প্রকাশিত হয়। ১৮৯১ খ্রীষ্টাব্দে নবকৃষ্ণ ভট্টাচার্য প্রকাশ করেন 'শিশুরঞ্জন রামায়ণ'। বাংলার প্রাচীন লোকসাহিত্য থেকে রূপকথা সংগ্রহ করে দক্ষিণারঞ্জন প্রকাশ করলেন ১৯০৭ খ্রীষ্টাব্দে তাঁর 'ঠাকুরমার ঝুলি', যেটি রূপকথার প্রথম সংকলন। পরবর্তীকালে দক্ষিণারঞ্জনকে অনেকেই অনুসরণ করেছেন।

আমাদের শিশুসাহিত্য রবীন্দ্র-প্রতিভার স্পর্শ পেয়ে আভিজাত্যের অধিকারী এ-কথা

নিঃসন্দেহ। ১৮৮৫ থেকে ১৯৪০ পর্যন্ত প্রায় ষাট বছর ধরে রবীন্দ্রনাথ ছোটদের জন্য যা রচনা করে গেছেন তার সংখ্যা নিতান্ত কম নয়। রবীন্দ্রনাথের পূর্বে শিশুসাহিত্যে কবিতার স্থান খুব উজ্জ্বল ছিল এ-কথা বলা যায় না। তাঁর 'নদী' কবিতা কাব্যরসের যে উৎস খুলে দিল তা বাংলা শিশুসাহিত্যকে ভাসিয়ে নিয়েছে। গদ্যসাহিত্য সম্পর্কেও বলা যায় মৌলিক এবং রূপসৃষ্টির যাদুতে ঐশ্বর্যশালী কিশোর-উপযোগী বড় গল্প রবীন্দ্রনাথই প্রথম রচনা করেন এবং তাঁর 'মুকুট' গল্প একটি স্মরণীয় সার্থক সৃষ্টি। এদিক দিয়ে দক্ষিণারঞ্জন এবং পরবর্তী-কালের কাহিনীকারগণ তাঁরই উত্তরসাধক। অপরদিকে ছোটদের অভিনয় করার মত নাটকও প্রথম রচনা করেছিলেন রবীন্দ্রনাথ। তাঁর ছোটদের উপযোগী প্রথম 'হেঁয়ালী' নাটক 'বালক' পত্রিকায় প্রকাশিত হয়। জীবনীসাহিত্য কতদূর মনোরম হতে পারে তার আদর্শ রেখেছেন 'ছেলেবেলা' বইটি লিখে। আত্মজীবনীমূলক এই বইটির মাধ্যমে বালক রবীন্দ্রনাথের সঙ্গে শিশুর পরিচয় অত্যন্ত সহজভাবে গড়ে ওঠে। রবীন্দ্রনাথের পূর্বে বা পরে জীবনীসাহিত্যে এমন একটি বই কি আর পেয়েছি? ছোটদের জন্য বিজ্ঞানের বই লিখতেও তিনি এগিয়ে এসেছিলেন, তার প্রমাণ 'বিশ্বপরিচয়'। নানা দিক থেকে শিশুসাহিত্যকে সমৃদ্ধ করার জন্য তাঁর আগ্রহ ছিল। এ-কথা অস্বীকার করার উপায় নেই যে, আধুনিক শিশু-সাহিত্য তাঁরই প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবে পত্র-পল্লবে সুসজ্জিত হয়ে পূর্ণাঙ্গ হয়ে উঠেছে। তাঁরই প্রেরণায় এবং উৎসাহে বহু শিশুসাহিত্যিক আত্মপ্রকাশ করেছেন—দক্ষিণারঞ্জন, উপেন্দ্রকিশোর, জগদানন্দ, অবনীন্দ্রনাথ, যাঁরা নিজ নিজ কীর্তিতে উজ্জ্বল হয়ে আছেন।

এ-যুগের প্রতিভাবান লেখকদের মধ্যে উপেন্দ্রকিশোর রায়চৌধুরী শিশুসাহিত্য নিয়ে আজীবন চর্চা করে গেছেন। বাংলা দেশের ছেলে-মেয়েরা রঙ-বেরঙের ছবি নিয়ে প্রথম 'মহাভারত' পেয়েছে উপেন্দ্রকিশোরের কাছে। বিভিন্ন বিষয় নিয়ে তাঁর সৃষ্টি অল্প নয়। কিন্তু শিশুসাহিত্যে উপেন্দ্রকিশোরের স্মরণীয় অবদান তাঁর আঁকা ছবি। উপেন্দ্রকিশোরের পূর্বে শিশুসাহিত্য যে-সব ছবি আমরা দেখেছি সেগুলি বক্তব্য বিষয়কে ফুটিয়ে তোলার সহায়ক মাত্র। রঙ-বেরঙের ছবি দিয়ে বক্তব্যকে ফুটিয়ে তোলার সঙ্গে সঙ্গে সমস্ত বইটি অপরিণত বয়সের পাঠকের কাছে আকর্ষণীয় করে তোলার তাৎপর্য উপেন্দ্রকিশোর বুঝেছিলেন। তাই নিজের হাতে বহু ছবি এঁকে সাজিয়েছেন তাঁর বইগুলি এবং 'সন্দেশ' পত্রিকার পাতাগুলি। এবং ছবি দিয়ে বই আকর্ষণীয় করার কাজে বাংলা শিশুসাহিত্যে তিনিই পথিকৃৎ। এর পূর্বে ছবি দিয়ে বই সাজাবার চেষ্টা 'পশ্বাবলি' থেকে দেখা গেলেও সে-সব বইয়ের ছবি বিদেশী বইয়ের অনুকরণ মাত্র।

জাতীয় জীবনে বিজ্ঞান শিক্ষার আবশ্যকতা ব্যাপকভাবে বোধ করার ফলে আধুনিক শিশুসাহিত্যে বিজ্ঞানকে অন্যতম বিষয়রূপে গ্রহণ করার যে চেষ্টা দেখা দিয়েছে তার সূত্রপাত রবীন্দ্রযুগেই। রবীন্দ্রনাথ নিজে রচনা করেছেন 'বিশ্বপরিচয়', আবার অবৈজ্ঞানিক জগদানন্দ রায়কে অনুপ্রাণিত করেছেন ছোটদের জন্য বিজ্ঞানের বিভিন্ন বিষয় নিয়ে বই লিখতে।

জগদানন্দের বইগুলি পাঠ্যপুস্তকের ভীতিপূর্ণ জটিল বিষয়ের ব্যাখ্যা নয়। তাঁর বৈশিষ্ট্য হচ্ছে একেবারে সাধারণ ঘটনার ভেতর দিয়ে বিজ্ঞানের বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা আরম্ভ করে ধীরে ধীরে মূল বক্তব্যের অবতারণা করা এবং সুখপাঠ্য করে লেখা। এমন লেখা তাঁর আগে আমরা পাই নি। জ্যোতির্বিজ্ঞানের জটিল বিষয় বোঝাতে তিনি স্থানে স্থানে পৌরাণিক কাহিনীর বর্ণনা দিয়ে ছোটদের কৌতূহল সৃষ্টি করেছেন, অথচ বৈজ্ঞানিক তথ্যের অপলাপ তাতে হয় নি। বাঙ্গালী ছেলে-মেয়েদের চিরপরিচিত জীবজন্তুর কথা দিয়ে রচনা করেছেন জীববিজ্ঞানের বইগুলি। আবার উদ্ভিদবিদ্যার আলোচনায় টেকনিক্যালিটির ধার দিয়ে না গিয়েও গাছের শিকড়, গুঁড়ি, ডাল, পাতা, আহার এবং বংশবৃদ্ধি ইত্যাদি বিষয়গুলি তিনি এমন গল্পরস সহযোগে পরিবেশন করেছেন যে পাঠকদের মনে তৃপ্তির আবেশ জাগিয়ে তোলে। অসংখ্য উপমা দিয়ে বক্তব্যকে গল্পের মতো করে বলে বিজ্ঞানকে জটিলতার জাল ছিন্ন করে সহজভাবে প্রকাশের প্রথম কৃতিত্ব জগদানন্দের। আর সেজন্য তাঁর ভাষার অন্তরঙ্গ সুর যে অনেকটা সাহায্য করেছে সেটা ধরা পড়ে পরবর্তী লেখকদের বইগুলি পড়লে।

এ-যুগের অন্যতম প্রতিভাবান লেখক অবনীন্দ্রনাথ ঠাকুর। তাঁর নিপুণ তুলির রেখায় রেখায়, সংযত বর্ণের বিন্যাসে ও কল্পনার মৌলিকতায় চিত্রকলার অভিনব রসলোক রচিত হয়েছে। এবং শিশুসাহিত্যেও কলমের মুখে তিনি যে ভাষার ছবি এঁকেছেন সে ছবির তুলনা বিশ্বশিশুসাহিত্যে বিরল। 'বুড়ো আংলা' বইতে তিনি আত্মপরিচয় দিয়েছেন —'কোন ঠাকুর? ওবিন ঠাকুর—ছবি লেখে।' অবনীন্দ্রনাথের শিশুসাহিত্য বাংলা দেশের জল-মাটি-আকাশকে বিচিত্র বর্ণে প্রকাশ করেছে। এদেশের প্রতিটি ধ্বনি তাঁর মনে সুর জাগিয়েছে—রূপকথার স্বপ্নলোকের সঙ্গে বাস্তবের মিল ঘটিয়েছে। কথ্যভাষায় প্রথম ছোটদের জন্য লিখতে আরম্ভ করেন যোগীন্দ্রনাথ সরকার, তার সার্থক পরিণতি দেখতে পাওয়া গেছে অবনীন্দ্রনাথের লেখায়।

মধুসূদন মুখোপাধ্যায় বিদেশী সাহিত্যের অনুবাদ করে যে নতুন পথের সৃষ্টি করেছিলেন, কুলদারঞ্জন রায় তাকে আরও সুদূরপ্রসারী করে দিলেন। তাঁর অনুবাদ মৌলিকতার রূপ নিয়েই ফুটে উঠেছে। কুলদারঞ্জনের রবিনহুডের কাহিনী পড়ে মধ্যযুগীয় ইংলণ্ডের কত মধুর স্বপ্ন দেখেছে বাংলার কিশোরদল; আবার পুরাণের গল্পগুলিতে পেয়েছে প্রাচীন ভারতের সেই সুমধুর, উদার ও মহৎ হৃদয়ের স্পর্শ।

রবীন্দ্রযুগের শিশুসাহিত্য অন্য একটি অবিস্মরণীয় প্রতিভার স্পর্শ পেয়েছে সুকুমার রায়ের মধ্যে। তাঁর 'আবোল-তাবোল' বাংলা ভাষার একটি শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ, যা হাসির ছুতো করে, ছবি এবং কৌতুকের ইঙ্গিত দিয়ে ভুলিয়ে আনে শিশুদের সঙ্গে তাদের পিতা-মাতাকে। যখন 'হ-য-ব-র-ল' এবং 'আবোল-তাবোল' প্রকাশিত হল, তখন বাংলা শিশুসাহিত্য বহুজনের স্নেহস্পর্শে স্নিগ্ধ এবং সজীব হয়ে উঠেছে। কিন্তু সব সৃষ্টি ম্লান হয়ে গেল এই বই দুটির দীপ্তির কাছে। বাংলা শিশুসাহিত্যে সুকুমার রায়ের প্রতিভার ধারক

ও বাহক পাওয়া যায় নি সত্য। কিন্তু তাঁর সামান্য আভাস পাওয়া যায় সুনির্মল বসুর কবিতায় এবং লীলা মজুমদারের গদ্যে। সুনির্মল বসুর কবিতাগুলি যেমন মিষ্টি সুরের ঝঙ্কার তোলে, তেমনি তাঁর ছোট ছোট শব্দচয়ন স্মরণ করিয়ে দেয় সুকুমার রায়কে। সুকুমার রায়ের গল্পলেখার হাত উত্তরাধিকারসূত্রে পেয়েছেন লীলা মজুমদার। ছবি আঁকায় পিতার উত্তরসাধক সুকুমার রায়। তাঁর নিজের বই ছাড়াও অবনীন্দ্রনাথের বইয়ের পাতাতে তাঁর তুলির স্পর্শ দেখেছি। 'সন্দেশে'র পাতায় পাতায় ছড়ানো ছবিগুলি এবং বিভিন্ন বইয়ের ছবিগুলি সংকলনের দায়িত্ব যদি কোন সহৃদয় প্রকাশক গ্রহণ করেন তবে আমাদের মনে হয়, যে ধরনের ছবির 'অ্যালবাম' বিদেশী শিশুসাহিত্যে প্রচুর পরিমাণে পাওয়া যায়, তার অভাব বাংলাদেশের ছোটদের জন্য আর থাকবে না। যাদের অক্ষরপরিচিতি হয়নি এমন শিশুর জন্য বই আমাদের ভাষায় একেবার নেই বলা চলে—এই ছবিগুলি সংকলিত হ'লে সে অভাব পূরণ হতে পারে।

সাহিত্যের বিভিন্ন দিকগুলির সঙ্গে সঙ্গে ইতিহাস, জীবনী, বিজ্ঞান, চিত্রকলা, খেলাধূলা ইত্যাদি প্রায় সব বিষয়ই শিশুসাহিত্যে স্থান পেয়েছে এ-যুগে। ছবি শিশু-সাহিত্যের অবিচ্ছেদ্য অঙ্গরূপে স্বীকৃতি পেয়েছে। কাগজ, মুদ্রণ এবং গ্রন্থনের উৎকর্ষও ফুটে উঠেছে সন্দেহ নেই। শিশুসাহিত্য এই যুগের সাহিত্যিক এবং প্রকাশকের কাছে কেবল স্নেহই পায় নি, যথেষ্ট মর্যাদা লাভ করেছে। এ-যুগে যাঁরা শিক্ষানবিশ, বর্তমানে তাঁরাই লব্ধপ্রতিষ্ঠ। তাই রবীন্দ্রযুগের সীমা-রেখা নির্ধারণ করা যায় না। তথাপি সম-সাময়িক পরিবেশ যে অনিবার্য পরিবর্তন এনেছে বাংলা শিশুসাহিত্যে, তার সামান্য পরিচয় দেওয়ার চেষ্টা করব। তবে এ-কথা বলে রাখা ভাল যে, এই সামান্য রূপরেখা কখনোই মূল্যায়ন নয়। আধুনিক শিশুসাহিত্যের মূল্যবিচার করবে ভাবীকাল।

চতুর্থ পর্যায় : আধুনিক যুগ ॥

আধুনিককালে শিশুসাহিত্য রচনায় যাঁরা সচেষ্ট হয়েছেন তাঁদের দুটি গোত্র : এক পক্ষ সব্যসাচীর মতো ছোটদের এবং বড়দের, দু'ধরনের পাঠকের জন্য লিখে চলেছেন, অপর দল বড়দের জন্য লিখলেও ছোটদের লেখায় প্রাণের উত্তাপ সঞ্চারিত করেন—তাঁদের যথার্থ আনন্দ শিশুসাহিত্য সৃষ্টিতে—শিশুদের আনন্দদানে। প্রথম গোষ্ঠীর মধ্যে বিশেষভাবে স্মরণীয় অচিন্ত্যকুমার সেনগুপ্ত, অজিত দত্ত, গজেন্দ্রকুমার মিত্র, নীহাররঞ্জন গুপ্ত, পরিমল গোস্বামী, প্রেমাঙ্কুর আতর্থী, প্রেমেন্দ্র মিত্র, বলাইচাঁদ মুখোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ মুখোপাধ্যায়, বিমল মিত্র, বুদ্ধদেব বসু, যোগেন্দ্রনাথ গুপ্ত, শিবরাম চক্রবর্তী, সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, স্বামী প্রেমঘনানন্দ। এঁদের সাহিত্য-কৃতিতে বাস্তবের সঙ্গে কল্পনার রঙীন চিত্র মিলিয়ে যা সৃষ্টি হয়েছে তার আবেদন শিশুপাঠকের চিত্তে কম নয়। আর যাঁরা শিশুসাহিত্য চর্চা করে গেছেন এবং করে চলেছেন তাঁদের

মধ্যে অনেকের সঙ্গে মনে করিয়ে দেয় অখিল নিয়োগী, কার্তিকচন্দ্র দাশগুপ্ত, ক্ষিতীন্দ্রনারায়ণ ভট্টাচার্য, খগেন্দ্রনাথ মিত্র, ধীরেন্দ্রলাল ধর, নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়, বিমল ঘোষ, বিমল দত্ত, বিশু মুখোপাধ্যায়, মণীন্দ্র দত্ত, যামিনীকান্ত সোম, যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, স্থনির্মল বসু, স্থবিমল রায়চৌধুরী, হেমেন্দ্রকুমার রায়, হেমেন্দ্রলাল রায় প্রভৃতির কথা। এঁদের চেষ্টায় নতুন পথের সন্ধান সম্ভব হয়েছে।

ভারতীয় শিশুসাহিত্যে কোষ-গ্রন্থের (এনসাইক্লোপিডিয়া) প্রথম আবির্ভাব বাংলা ভাষায়। যোগেন্দ্রনাথ গুপ্তের সম্পাদনায় 'শিশুভারতী' এ-ধারার পথিকৃৎ। এর পূর্বে এবং পরে এ-ধরনের আর একটিও কোষ-গ্রন্থের সন্ধান পাওয়া যায় নি। তাই কিশোর পাঠকের কাছে এই বইটির প্রয়োজনীয়তা অনেকখানি। যোগেন্দ্রনাথের পরিচয় কেবল কোষগ্রন্থ রচয়িতা হিসাবে নয়। 'শিশুতোষ' সিরিজের অনেকগুলি ইতিহাসের বই তিনি লিখেছিলেন। তাঁর 'বাঙ্গালার ডাকাত' একটি বিখ্যাত কাহিনী। তবে সবকিছুর উপরে 'শিশুভারতী'র স্থান। যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় গল্প, নাটক, জীবনী ইত্যাদি লিখেছেন। তাঁর 'পয়সার ডায়েরী'-তে একটি তামার পয়সার আত্মকাহিনী অবলম্বনে তিনি কলকাতা থেকে কুমারিকা-পর্যন্ত যে ভ্রমণবৃত্তান্তটি রচনা করেছেন তা বাংলা শিশুসাহিত্যের এক অপূর্ব সৃষ্টি। হেমেন্দ্রকুমার রায় বাংলা শিশুসাহিত্যে প্রথম রোমাঞ্চ কাহিনীকার। তাঁর 'যকের ধন' পৃথিবীর যে-কোন ভাষায় অনুবাদের অপেক্ষা রাখে। পরবর্তীকালে বাংলা শিশুসাহিত্যে বহু রোমাঞ্চকর কাহিনী লেখা হলেও এই বইয়ের মূল্য আজও বিন্দুমাত্র কমে নি। অনুবাদ শিশুসাহিত্যের একটি বিশেষ সম্পদ। দেশী-বিদেশী নানা সাহিত্যের শ্রেষ্ঠ রত্ন আহরিত হচ্ছে অনুবাদের সাহায্যে। যাঁরা মুখ্যত অনুবাদের মাধ্যমে নিজেদের প্রকাশ করেছেন তাঁরা হলেন অশোক গুহ, বিমল দত্ত, বিশু মুখোপাধ্যায় এবং মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়।

স্বর্ণকুমারী দেবী মহিলা শিশুসাহিত্যিকের পথ খুলে দেবার পর থেকে অনেক মহিলাই লিখেছেন ছোটদের জন্য। এঁদের মধ্যে যাঁদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য তাঁরা হচ্ছেন অমিতাকুমারী বসু, আশাপূর্ণা দেবী, ইন্দিরা দেবী, লীলা মজুমদার, শান্তা দেবী, সীতা দেবী এবং স্থখলতা রাও। স্থখলতা রাও সেই সন্দেশের যুগ থেকে অক্লান্তভাবে লিখে আসছেন। তাঁর প্রায় অধিকাংশ লেখাই বিদেশী ভাষার ছায়া অবলম্বনে এবং অনুবাদ। বাংলা শিশুসাহিত্য যতোই সমৃদ্ধ হোক না কেন, একেবারে ছোটদের জন্য (৪-৬ বৎসর) লেখার সংখ্যা খুবই অল্প। স্থখলতা রাওয়ের বইগুলি সে অভাব পূরণ করে।

আধুনিক শিশুসাহিত্য এসেছে তার বিপুল আয়োজন নিয়ে। বিশ্বের সমস্ত রহস্য এনে শিশুর অন্তরে গুঞ্জিত করে তুলেছেন এ-যুগের সাহিত্যিক। পাঠক ও লেখকদের মনের সেতুবন্ধ হয়েছে এ-যুগে। শিশুসাহিত্যের চতুর্থ যুগের নতুন দাবি মেটাতে, নতুন ধারাকে স্বীকৃতি দিতে এগিয়ে এসেছেন কারুশিল্পী, চিত্রশিল্পী, ক্রীড়ামোদী, বৈজ্ঞানিক এবং অনেকেই।

সৃষ্টিধর্মী মনকে ছোট বয়স থেকেই জাগিয়ে তুলতে এগিয়ে এসেছেন যাঁরা তাঁদের

মধ্যে বিশেষ করে উল্লেখযোগ্য ননীগোপাল চক্রবর্তী এবং শৈল চক্রবর্তী। ননীগোপাল চক্রবর্তীর 'ছেলেদের হাতের কাজ', 'তৈরী করা কঠিন নয়', 'বাড়ীতে যা করতে পারো', 'বাঁশ, বেত, পাতা ও শোলার কাজ' প্রভৃতি বই এবং শৈল চক্রবর্তীর 'ছোটদের ক্র্যাফ্‌ট' শিশুসাহিত্যে বিশিষ্ট সংযোজন।

চিত্রশিল্পী নরেন্দ্রনাথ দত্ত, পূর্ণচন্দ্র চক্রবর্তী এবং প্রফুল্ল লাহিড়ী চিত্রিত করে চলেছেন ছোটদের বই এবং পত্র-পত্রিকা, আবার শিশু-শিল্পীর শিল্পচেতনা জাগিয়ে তোলার জন্য রচনা করেছেন, 'ছবি আঁকা', 'ছোটদের ছবি আঁকা' এবং 'ছবিকথা' প্রভৃতি বই।

খেলাধূলা ছোটদের প্রাণ। বিজ্ঞানসম্মত উপায়ে খেলাধূলা করলে আনন্দের সাথে উপরি লাভ হয় শরীরগঠন। এ-কথা চিন্তা করে যাঁরা লিখেছেন তাঁদের মধ্যে নাম করতে হয় পুষ্পেন সরকার, বরেন গঙ্গোপাধ্যায়, বিনয় মুখোপাধ্যায়, মায়া সোম, শচীন্দ্রনাথ মজুমদার, শ্রীশচন্দ্র ভট্টাচার্যের। 'জগৎজোড়া খেলার মেলা', 'ফুলঝুরি', 'খেলার রাজা ক্রিকেট', 'খেলা-ধূলা' ,'ছোটদের খেলা ও ব্যায়াম', 'সহজ ব্যায়াম ও খেলা' প্রভৃতি বই-গুলিতে আধুনিক জগতের বিভিন্ন খেলাধূলার সঙ্গে শরীরচর্চাও আলোচিত হয়েছে।

সহজ ভাষায় বিজ্ঞান পরিবেশনের যে রীতি গ্রহণ করেছিলেন জগদানন্দ রায় তার সার্থক রূপায়ণ হয়েছে আধুনিক যুগে। আধুনিক বিশ্বের বৈজ্ঞানিক চেতনার সঙ্গে যোগ রেখে নিত্য নতুন বিষয় নিয়ে রচনা হচ্ছে বিজ্ঞানের বই। অনেকেই এদিকে এগিয়ে এসেছেন কিন্তু বিষয়বৈচিত্র্যে, রচনার সাবলীলতায় এবং চিত্রের ভঙ্গিমায় যাঁরা শিশু পাঠককে বিজ্ঞানমুখী হতে সাহায্য করছেন তাঁদের মধ্যে বিশেষভাবে স্মরণীয় দেবদাস দাশগুপ্ত, দেবীদাস মজুমদার, দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় প্রভৃতি। 'আকাশ ও পৃথিবী', 'আজব কল', 'চাঁদের দেশে', 'পরাভূত প্রকৃতি', 'প্রাণের কথা' ইত্যাদি বইয়ে দেবদাস দাশগুপ্ত যে বিষয়বৈচিত্র্যের অবতারণা করেছেন তা সত্যই উপভোগ্য। দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় এবং দেবীদাস মজুমদারের যৌথ সম্পাদনায় 'বিজ্ঞান-বিচিত্রা' সিরিজটি একটি বিস্ময়কর অবদান বাংলা সাহিত্যে। 'এই দুনিয়ার চিড়িয়াখানা', 'ক্ষুদে শয়তানের রাজত্ব', 'চলো যাই বনবাসে', 'পায়ের নখ থেকে মাথার চুল', 'যমের সঙ্গে যুদ্ধ', 'শোন বলি মনের কথা' প্রভৃতি বইগুলির নাম শুনেই কি পাঠক আকৃষ্ট হয় না? দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় শুধু বিজ্ঞান বিষয়ে রচনা করে নিশ্চিন্ত থাকেন নি। তাঁর সম্পাদনায় 'এদেশ আমার' গ্রন্থমালা ভারতের প্রাকৃতিক এবং সামাজিক ইতিহাসের পরিচয় দেবে ছোটদের কাছে। আবার 'জানবার কথা' সিরিজটি সম্পাদনা করে বিশ্বের জ্ঞান-বিজ্ঞানের দ্বার উন্মোচন করেছেন। 'যুগের পর যুগ' গ্রন্থমালা দিয়ে মানবসভ্যতার ধারা বিকশিত করেছেন কিশোর পাঠকের অনুসন্ধানী দৃষ্টিপথে। অল্প কথায় বলা যায় আজকের লেখকরা বিজ্ঞানকে কিশোরজীবনের সঙ্গে অঙ্গাঙ্গী বন্ধনে আবদ্ধ করেছেন এবং বিজ্ঞানের দিগন্তকে সুদূরপ্রসারিত করে দিয়েছেন। আবার বিজ্ঞান-ভিত্তিক সাহিত্য, যার ভেতর দিয়ে বাংলার ছেলে-মেয়েরা পাবে রূপায়িত

বর্তমান এবং রহস্যাবৃত আগামীকালকে তারও ধীর পদক্ষেপ এগিয়ে আসছে এ-যুগে।

বিষয়বৈচিত্র্যে আধুনিক যুগের দৃষ্টি বহুদিকে ছড়িয়ে গেছে। ভাষার ইতিহাস, ছন্দ, সাহিত্যের ইতিহাস ইত্যাদি অনেক নতুন নতুন বিষয় এসেছে। সহজ ভাষায়, সরল ভঙ্গিমায় সুভাষ মুখোপাধ্যায়ের 'কথার কথা' ভাষাবিজ্ঞান পরিবেশন করে নতুনত্বের সৃষ্টি করেছে। সুনির্মল বসুর ছন্দের বইকটিও এ-বিষয়ে উল্লেখনীয়।

চিত্রে ও অলঙ্করণে সীমারেখা স্পর্শ করেছিলেন উপেন্দ্রকিশোর রায়চৌধুরী এবং আমাদের মনে হয়েছিল তাঁর পর হয়তো ঐ ধারা প্রতিভার অভাবে শুকিয়ে যাবে। কিন্তু সে ধারণা ভেঙ্গে দিয়েছিলেন সুকুমার রায়। পিতার উত্তরসাধক হলেও তিনি বহুস্থলে পিতাকে ছাড়িয়ে গেছেন। অবনীন্দ্রনাথ, উপেন্দ্রকিশোর এবং সুকুমার রায়ের প্রবর্তিত পথে যাঁরা বাংলা শিশুসাহিত্যকে সুসজ্জিত করে তুলতে তুলি ধরেছেন, তাঁরা হচ্ছেন ধীরেন বল, পূর্ণচন্দ্র চক্রবর্তী, প্রতুল বন্দ্যোপাধ্যায়, প্রফুল্ল লাহিড়ী, সত্যজিৎ রায়, সমর দে ইত্যাদি।

সাহিত্য সৃষ্টি করেন সাহিত্যিক তাঁর নিজের প্রেরণার তাগিদে কিন্তু প্রকাশকের সহায়তা ভিন্ন তা সাধারণের কাছে পৌঁছায় না। প্রথম দিকে বাংলা শিশুসাহিত্যকে সাজিয়ে গুছিয়ে মনোরমভাবে আকর্ষণীয় করে যাঁরা প্রকাশ করেন তাঁদের মধ্যে উল্লেখ-যোগ্য, আশুতোষ লাইব্রেরি, ইউ রায় অ্যাণ্ড সন্স, ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, দেবসাহিত্য কুটির, ভট্টাচার্য অ্যাণ্ড সন্স, শিশির পাবলিশিং হাউস, সিটি বুক সোসাইটি প্রভৃতি। এঁদের মধ্যে ইউ রায় অ্যাণ্ড সন্স ব্যতীত অন্যেরা আজও নিজ নিজ পথে এগিয়ে চলেছেন। বর্তমান-কালে যাঁরা ছবি, ছাপা, বাঁধাই সব দিক থেকে আধুনিক শিশুসাহিত্যকে উচ্চস্তরের প্রকাশন পর্যায়ে উন্নীত করেছেন তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন আর্ট ইউনিয়ন, চণ্ডীচরণ দাস অ্যাণ্ড সন্স, শিশু-সাহিত্য সংসদ, সিগনেট প্রেস এবং স্বাক্ষর লিমিটেড।

রাষ্ট্র ও শিশুসাহিত্য ॥

স্বাধীনতাপ্রাপ্তির পর দেশের কেবল রাজনৈতিক চেহারা বদলায় নি, শিক্ষা ও সংস্কৃতি ক্ষেত্রেও হাওয়া বদলের পালা শুরু হয়েছে। শিশুসাহিত্যের প্রয়োজনীয়তা ও গুরুত্ব ভারত সরকার উপলব্ধি করেছেন এবং ১৯৫৪ সাল থেকে প্রতি বছর রাষ্ট্রীয় পুরস্কার দেওয়া হচ্ছে।

উৎকৃষ্ট শিশুসাহিত্য রচনার জন্য যাঁরা এ-পর্যন্ত (১৯৫৪-৬৪) রাষ্ট্রীয় পুরস্কার পেয়েছেন তাঁদের নাম ও পুরস্কৃত গ্রন্থের তালিকা দেওয়া হল :

১৯৫৪ সুকুমার রায় ॥ পাগলা দাশু
সুখলতা রাও ॥ গল্প আর গল্প

১৯৫৬ অবনীন্দ্রনাথ ঠাকুর ॥ শকুন্তলা
রবীন্দ্রনাথ ঠাকুর ॥ চিত্রবিচিত্র

১৯৫৮ প্রেমেন্দ্র মিত্র ॥ ঘনাদার গল্প
বিমল ঘোষ ॥ নাকাল নেংটি
শৈল চক্রবর্তী ॥ গাড়ী ঘোড়ার গল্প
সুখলতা রাও ॥ নিজে পড়

১৯৫৯ লীলা মজুমদার ॥ হলদে পাখীর পালক
শৈল চক্রবর্তী ॥ মানুষ এলো কোথা হতে
শ্যামাপ্রসাদ আচার্য ॥ তেল নুন কড়ি

১৯৬০ পূর্ণচন্দ্র চক্রবর্তী ॥ ছবিতে মহাভারত
মোহিত ঘোষ ॥ টাপুর টুপুর
শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ॥ সদাশিবের তিনকাণ্ড

১৯৬১ অমূল্যভূষণ ঘোষ ॥ ছোট হলেও ছোট নয়
মনোমোহন চক্রবর্তী ॥ ছবিতে পৃথিবী
শৈল চক্রবর্তী ॥ ছোটদের ক্রাফ্‌ট

১৯৬২ দীনেশচন্দ্র চট্টোপাধ্যায় ॥ ভয়ঙ্করের জীবন কথা
নির্মলেন্দু গৌতম ॥ খেলাঘরের রাজ্যে
শিবশঙ্কর মিত্র ॥ সুন্দরবন

১৯৬৩ অমিয় চক্রবর্তী ॥ চলো যাই
লীলা মজুমদার ॥ উপেন্দ্রকিশোর

১৯৬৪ শশিভূষণ দাশগুপ্ত ॥ ছোটদের ব্যাসদেব-রচিত মহাভারত
সুখলতা রাও ॥ নানান দেশের রূপকথা

সম্প্রতি ভারত সরকার আঞ্চলিক ভাষার শিশুসাহিত্যের গ্রন্থপঞ্জী প্রস্তুত করার জন্য বিভিন্ন রাজ্যকে উৎসাহিত করছেন। আমাদের সংকলিত গ্রন্থপঞ্জী সরকারী পরিকল্পনারই ফল।

বাংলা শিশুসাহিত্য নিয়ে ইতিমধ্যে দুটি গবেষণামূলক কাজও হয়েছে, শ্রীমতী আশা দেবীর (গঙ্গোপাধ্যায়) 'বাংলা শিশু-সাহিত্যের ক্রমবিকাশ' (১৮০০-১৯০০) এবং শ্রীমতী অণিমা সেনের 'বাংলা শিশু-রম্যসাহিত্য' নামে। এছাড়া শ্রদ্ধেয় খগেন্দ্রনাথ মিত্র প্রথম বাংলা শিশুসাহিত্যের ইতিহাসমূলক গ্রন্থক'টি রচনা করে গবেষণার কাজে সাহায্য করেছেন। বিভিন্ন দিক থেকে বাংলা শিশুসাহিত্য নিয়ে কাজ করতে, শিশুসাহিত্যকে আরও উন্নত করতে বাংলাদেশের প্রচেষ্টা কম নয়।

সাময়িক পত্র-পত্রিকা ॥

বাংলা শিশুসাহিত্য সৃষ্টির পেছনে সাময়িক পত্রিকার অবদান উপেক্ষণীয় নয়। প্রথম হতেই পত্র-পত্রিকা প্রকাশ করে এ-কাজে সাহায্য করে এসেছেন বাংলার মনীষীবৃন্দ। বিভিন্ন সময়ে প্রকাশিত সাময়িক পত্রিকাকে কেন্দ্র করে সৃষ্টি হয়েছে শিশুসাহিত্য এবং শিশুসাহিত্যিক। আজও তার গতি অব্যাহত। অল্পকথায় বলতে পারা যায়, শিশুদের জন্য প্রকাশিত সাময়িক-পত্রগুলি শিশুসাহিত্যচর্চার কেন্দ্রস্থল। এক-একটি পত্রিকাকে আশ্রয় করে বিভিন্ন সময়ে এক-একটি সাহিত্যিক গোষ্ঠী গড়ে উঠেছে, যাঁরা শিশুসাহিত্যকে মর্যাদার উচ্চশিখরে পৌঁছে দিয়েছেন। এই গ্রন্থপঞ্জী সংকলন করতে গিয়ে আমরা প্রায় দেড়শ' সাময়িক-পত্রের সন্ধান পেয়েছি।

ভারতীয় সাহিত্যে তরুণ পাঠকের জন্য প্রথম মাসিক পত্র 'দিগ্‌দর্শন' (১৮১৮) শ্রীরামপুর মিশনারীদের সৌজন্যে প্রকাশিত হয়। স্কুল বুক সোসাইটির যত্নে যে নতুন শিক্ষা-আন্দোলন দেখা দেয়, মনে হয় তারই বাণীবহরূপে 'দিগ্‌দর্শনে'র আবির্ভাব। বাংলা, ইংরেজী ও বাংলা এবং ইংরেজী এই তিন পর্যায়ে প্রকাশিত এই পত্রিকাটি বিষয়বৈচিত্র্যে এবং সর্বাঙ্গীণতায় ভারত ও বিশ্বজগতের একটি সামগ্রিক পরিচিতির প্রয়াস। দিগ্‌দর্শন যন্ত্রের মতই সে-যুগের তরুণ শিক্ষার্থীর কাছে পথপ্রদর্শকের ভূমিকা গ্রহণ করেছিল এই পত্রিকাটি। এর ভাষা সহজ কিন্তু সর্বত্র ছেদ-চিহ্নের ব্যবহার রক্ষিত হয় নি বলে মাঝে মাঝে পড়তে কষ্ট হয়। এখানেই প্রথম আমাদের ইতিহাসচর্চার সূত্রপাত। ১৮১৮ সালের পর ১৮৭৮ সালের পূর্ব পর্যন্ত ছোটদের উপযোগী অন্য কোন পত্রিকার সন্ধান আমরা পাই নি। ১৮৫১ হতে ১৮৬৯ সালের মধ্যে যে-তিনটি পত্রিকার সন্ধান পেয়েছি সেগুলি হচ্ছে রাজেন্দ্রলাল মিত্রের সম্পাদনায় 'বিবিধার্থসংগ্রহ' এবং 'রহস্যসন্দর্ভ' এবং খ্রীষ্টান ট্রাক্ট সোসাইটির প্রচেষ্টায় প্রকাশিত 'জ্যোতিরিঙ্গণ'। এই তিনটি পত্রিকা একান্তভাবে ছোটদের জন্য নয়, বড়দের পত্রিকার সঙ্গে ছোটদের উদ্দেশে কয়েকটি পাতা এতে থাকতো। এ-যুগে ছোটদের জন্য অন্য পত্রিকা না থাকায় এগুলি আমরা গ্রন্থপঞ্জীতে সংকলন করেছি। 'বিবিধার্থসংগ্রহ' ইংরেজী পেনি ম্যাগাজিনের আদর্শে সচিত্র মাসিক পত্রিকা। সম্পাদকের বক্তব্য থেকে জানা যায় 'যাহাতে সাধারণ জনগণ অনায়াসে বিদ্যালাভ করে, যাহাতে বণিক ও মোদক আপন আপন কর্ম্ম হইতে অবকাশমতে জগতের বৃত্তান্ত জানিতে পারে, যাহাতে বালক ও বালিকাগণ ক্রীড়াছলে এই পত্র পাঠ করিয়া আপন আপন জ্ঞানের বিস্তার করে…এমত উপায় প্রদান করাই এই পত্রের লক্ষ্য।…' ১৮৬৩ সালে ভার্নাকুলার লিটারেচার কমিটির মুখপত্র 'রহস্যসন্দর্ভ' রাজেন্দ্রলাল মিত্রের সম্পাদনায় প্রকাশিত হয়। বড়দের এই কাগজের সঙ্গে ছোটদের জন্য কয়েকটি পাতা নির্দিষ্ট থাকত। খ্রীষ্টান ট্রাক্ট সোসাইটি যে পত্রিকাটি প্রকাশ করেন, সেটি হচ্ছে 'জ্যোতিরিঙ্গণ' (১৮৬৯)। বড় এবং ছোট দুই শ্রেণীর পাঠকের উপযোগী করে এই

পত্রিকা প্রকাশিত হয়। যদিও খ্রীষ্টধর্মপ্রচার পত্রিকার মূল উদ্দেশ্য ছিল, তথাপি জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন বিষয়ের সঙ্গে সমসাময়িক সংবাদ পরিবেশন করার চেষ্টাও ছিল। ছাপা, কাগজ এবং ছবি পত্রিকাটিকে সুখপাঠ্য করেছিল। ছবিগুলি অবশ্য প্রায়ই বিদেশী ছবির অনুকরণে। এ-পর্যন্ত শিশুপাঠ্য যে-ক'টি পত্রিকা আমরা দেখেছি তা শিক্ষাবিস্তারের অনুকূলে এবং বড়দের পত্রিকার অংশরূপে রচিত। অর্থাৎ দুধের স্বাদ ঘোলে মেটাবার মত একটা মাঝামাঝি ব্যবস্থা।

প্রকৃত শিশুপাঠ্য পত্রিকা বাংলাভাষায় প্রথম প্রকাশিত হয় ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের সম্পাদনায় ১৮৭৮ সালের বৈশাখ মাস হতে 'বালকবন্ধু' নাম নিয়ে। জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন বিষয় যাতে ছোটরা আনন্দের সঙ্গে গ্রহণ করতে পারে সেদিকে দৃষ্টি রেখে কেশবচন্দ্র এই সাপ্তাহিক পত্রটিকে সাজিয়েছিলেন ছবি দিয়ে, ছড়া দিয়ে। আবার দেশ-বিদেশের সংবাদও বিশ্বপরিচয়ের উপাদান হিসেবে দিয়েছেন। পরিষ্কার পরিচ্ছন্ন টাইপে ছাপা, ছোট ছোট আলোচনা, প্রত্যেক সংখ্যায় 'বক্স' করে একটি সংস্কৃত নীতি-মূলক শ্লোক এবং তার বাংলা অর্থ, উপদেশ, হেঁয়ালী, কবিতা, গল্প, ছড়ার মাধ্যমে ব্যাকরণ ও গণিতের জটিল সূত্র, বালকদের নিজেদের লেখা সবকিছু দিয়ে আট পৃষ্ঠার মধ্যে সাজিয়ে গুছিয়ে কেশবচন্দ্র সেন প্রকাশ করেছিলেন। সীমাবদ্ধতা সত্ত্বেও সে-যুগে 'বালকবন্ধু'ই প্রথম আদর্শ শিশুদের পত্রিকা। এই পত্রিকায় যে-ধারা নির্দেশিত হয়েছিল আজও পর্যন্ত মোটামুটি সেই পথ অনুসৃত হচ্ছে।

'বালকবন্ধু'র অনুসরণে ক্রমে দেখা দেয় প্রমদাচরণ সেনের 'সখা', ভুবনমোহন রায়ের 'সাথী' এবং শিবনাথ শাস্ত্রীর (ভট্টাচার্য) 'মুকুল'। 'বালকবন্ধু'তে ছোটদের পত্রিকার যে সম্ভাবনা দেখা দিয়েছিল তারই পরিপূর্ণ বিকাশ এই পত্রিকাগুলিতে হয়েছে। প্রমদাচরণ সেন 'সখা'র প্রথম সংখ্যায় পত্রিকা প্রকাশের উদ্দেশ্য সম্বন্ধে বলেন '...আমাদের হতভাগ্য দেশে বালক-বালিকাদিগের জ্ঞানের ও চরিত্রের উন্নতির জন্য অধিক লোক চিন্তা করে না, অথবা করিবার অবকাশ হয় না ; এই জন্যই সখার জন্ম হইল। সখা পিতামাতার উপদেশ এবং শিক্ষকের শিক্ষা দুই-ই প্রদান করিবে'। ছবি, ছড়া, গল্প এবং বিভিন্ন বিষয়ের সমাবেশে সমৃদ্ধ এই পত্রিকাটি সম্পর্কে বঙ্কিমচন্দ্র বলেন, 'সখার সঙ্গে এদেশীয় তরুণ বয়স্ক মাত্রেরই সখীত্ব করা উচিৎ।' ছোটদের পত্রিকায় রাজনৈতিক ভাবনার প্রভাব প্রথম ফুটে উঠেছিল এই পত্রিকায়, বিপিনচন্দ্র পালের 'সুরেন্দ্রবাবুর কারাবাস' প্রবন্ধে।

সখার পরেই ঠাকুরবাড়ির 'বালক' জন্ম লাভ করে ১৮৮৫ খ্রীষ্টাব্দে। শিশুদের পত্রিকার প্রথম মহিলা সম্পাদক জ্ঞানদানন্দিনী দেবী এই পত্রিকা পরিচালনা করতেন। পারিবারিক লেখকগোষ্ঠীর দ্বারা এই পত্রিকার পাতাগুলি পূর্ণ থাকতো এবং অধিকাংশ লেখাই ছিল স্বয়ং রবীন্দ্রনাথের। বাংলা শিশুসাহিত্যে প্রথম নাটকের আবির্ভাব এরই পাতায়, রবীন্দ্রনাথের 'হেঁয়ালী' নাটকের মধ্যে। উচ্চপর্যায়ের পত্রিকা হওয়া সত্ত্বেও এটি এক

বৎসরের অধিক স্থায়ী হয় নি। পরে 'ভারতী'র সঙ্গে যুক্ত হয়ে বড়দের পত্রিকায় পরিণত হয়।

'সখা'র অনুরূপ ভুবনমোহন রায়ের সম্পাদনায় 'সাথী' প্রকাশিত হয় ১৮৯৩ খ্রীষ্টাব্দে। বিষয়নির্বাচন, রচনাভঙ্গি এবং অন্যান্য দিক থেকে 'সাথী' সখার অনুগামী হলেও চরিত্রগঠনের কথা মনে রেখে নিয়মিতভাবে দেশের কৃতী সন্তানদের জীবনী এতে প্রকাশিত হত। 'সাথী'র প্রথম সংখ্যায় গ্রাহক হতে আহ্বান করেছেন যোগীন্দ্রনাথ সরকার :

"কোথায় আছ ভাইটি আমার কোথায় আছ বোন,
আয় ছুটে আয় শোন রে এসে 'সাথী'র আবাহন।
উপদেষ্টা নয় যে ভাই, হাতে নাইকো ছড়ি
নাইকো তাহার উচ্চ ধমক দন্তের কড়মড়ি।"

সুশিক্ষার আবরণে আনন্দ পরিবেশন ছিল সাথীর পূর্বপর্যন্ত পত্রিকা সম্পাদনার উদ্দেশ্য। সাথীই প্রথম স্বীকার করেছে আনন্দই এর উপজীব্য। উপরের কবিতাংশে সেটাই প্রমাণিত। বস্তুতপক্ষে নীতি সাথীর পাতায় প্রচ্ছন্নভাবে ছড়িয়ে রয়েছে—মূল বক্তব্য রূপে প্রকাশ পায় নি। প্রমদাচরণের মৃত্যুর পর সখা ও সাথী যুক্ত হয় (১৮৯৪) এবং ভুবনমোহন রায়ের সম্পাদনায় 'সখা ও সাথী' নামে প্রকাশিত হতে থাকে। এই-সব পত্রিকার লেখকগোষ্ঠীতে ছিলেন অন্নদাচরণ সেন, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, ত্রৈলোক্যনাথ সান্যাল, দ্বিজেন্দ্রনাথ বসু, নবকৃষ্ণ ভট্টাচার্য, বিপিনচন্দ্র পাল, ভুবনমোহন রায়, যোগীন্দ্রনাথ সরকার, আচার্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, শিবনাথ শাস্ত্রী প্রভৃতি। 'বালকবন্ধু'তে কেশবচন্দ্র সেন শিশুসাহিত্যে সাময়িক-পত্রের যে বীজ বপন করেছিলেন 'সখা', 'সাথী' এবং 'সখা ও সাথী'তে তা পল্লবিত ও বিকশিত হয়েছে। আর 'মুকুল', পুষ্পমঞ্জরীর গৌরবে ভূষিত হয়ে প্রকাশিত হয় ১৮৯৫ খ্রীষ্টাব্দে, আচার্য শিবনাথ শাস্ত্রীর সম্পাদনায়। মুকুলের প্রথম সংখ্যার প্রস্তাবনায় সম্পাদকের বক্তব্য থেকে এর আভ্যন্তরীণ বিষয়বস্তুর আভাস পাওয়া যায়। 'জ্ঞানের মুকুল, প্রেমের মুকুল, সকল ভাল বিষয়েরই মুকুল আছে। এই পত্রিকা যাহাদের জন্য, তাহারাও মুকুল, মানব মুকুল।...মানব মুকুলদিগকে ফুটাইবার পক্ষে সাহায্য করাই মুকুলের উদ্দেশ্য।' আচার্য শিবনাথ তাঁর সংকল্প রক্ষা করেছিলেন। 'মুকুল' যথার্থই জ্ঞানের মুকুলে পরিণত হয়েছিল। গল্প, কবিতা, জীবনী, বিজ্ঞান ইত্যাদি বিচিত্র প্রসঙ্গ নিয়ে লিখতেন সম্পাদক। তাঁকে সহযোগিতা করার জন্য সে-যুগের শ্রেষ্ঠ প্রতিভা সব এগিয়ে এসেছিলেন। উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, নবকৃষ্ণ ভট্টাচার্য, যোগীন্দ্রনাথ সরকার প্রভৃতি শিশুসাহিত্যিকরা তো ছিলেনই, তাছাড়াও এসেছিলেন জগদীশচন্দ্র বসু, রবীন্দ্রনাথ ঠাকুর, রমেশচন্দ্র দত্ত, রামানন্দ চট্টোপাধ্যায়, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী প্রভৃতি। এই পত্রিকায় প্রকাশিত অনেক রচনাই শিশু-সাহিত্যের স্থায়ী সম্পদ হয়ে রয়েছে। আধুনিক পত্রিকায় শিশু পাঠকদের জন্য কয়েকটি পাতা নির্দিষ্ট রাখা হয় তাদের সাহিত্যকর্মে অনুপ্রাণিত করার জন্য। শিবনাথ শাস্ত্রী এর

পথপ্রদর্শক। ছবি ছাপিয়ে পাঠকের কাছ থেকে সেই ছবির পরিপ্রেক্ষিতে গল্প এবং কবিতা রচনার আহ্বান মুকুলে থাকতো। শুধু তাই নয়, ছোটদের লিখতে উৎসাহিত করা হত পুরস্কার ঘোষণা করে। চতুর্থ বর্ষের আষাঢ় সংখ্যায় ছবির উপর কবিতা লিখে পুরস্কার পেয়েছিলেন বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষ। অষ্টমবর্ষীয় বালক সুকুমার রায়ের প্রথম রচনা 'নদী' কবিতা ভবিষ্যতের আবোল-তাবোলের সূচনা নিয়ে প্রকাশিত হয়েছিল এই 'মুকুলে'র পাতাতেই। যদিও ছবিগুলি বিলেতী পত্র-পত্রিকার অনুকরণে রচিত তবু অজস্র ছবি দিয়ে মুকুলের পাতা সাজানো হত। কিশোর এবং বালক চরিত্র-গঠনে তাদের পাঠ্যতালিকার বাইরে প্রীতিময় সহচররূপে মুকুলের অবদান সে-যুগে অনেকটা ছিল। বিংশ শতাব্দীতে 'সন্দেশ', 'শিশু', 'মৌচাক', 'শিশুসাথী' প্রভৃতি প্রথম শ্রেণীর পত্র-পত্রিকা প্রকাশিত হলেও উনবিংশ শতাব্দীতে 'মুকুল'ই সবুজ পত্র-পল্লবে সুশোভিত একমাত্র মহীরুহ। মুকুলের প্রতিভাকে বিষয়ের দিক থেকে বা গঠনসৌকর্যে সে-যুগের অন্য কোন পত্রিকা অতিক্রম করতে পারে নি বলেই তাদের কথা আলোচনায় আনা হল না।

মুকুলের সাফল্য অনুসরণ করে মহারাজা মণীন্দ্রচন্দ্র নন্দীর পৃষ্ঠপোষকতায় এবং বরদাকান্ত মজুমদারের সম্পাদনায় ১৮১৩ সালে 'শিশু' প্রকাশিত হয়। পত্রিকা সম্পাদনার উদ্দেশ্য ছিল "শিশু, শিশুদের খেলার সাথী—শিক্ষার সহচর। শিশুদিগকে আমোদের সহিত শিক্ষাদান করাই শিশুর উদ্দেশ্য।" অল্পপরিসর এই মাসিক পত্রে সে-যুগের প্রায় অনেকেই লিখতেন এবং ছবি ও ছাপায় সুন্দর ছিল এই পত্রিকাটি।

